

## দ্বই বোন

### রবীক্রনাথ ভারুর





গ্ৰেম্ভারতী-এছালয় No 2021 কৰ্ণভাৱিদ টাট, ক্লিকাভা

### বিশ্বভারতী-গ্রন্থালয় ২১০ নং বর্ণওয়ালিস্ ব্রীট, কলিকাতা প্রকাশক—শ্রীকাদানক রায়।

## দুই ৰোন

প্রথম সংস্করণ (১১০০) ফাস্কন, ১৩৩৯ সাল।

म्ला—॥४०; वांशाहे—১

শান্তিনিকেতন প্রেদ। শান্তিনিকেতন, (বীরভূম)। শ্রীঞ্গদানন্দ রায় কর্তৃক মৃদ্রিত।

# উৎসর্গ

ঐযুক্ত রাজশেখর বহু

করকমলে।

# দ্বই বোন

#### শর্ভিয়লা

মেয়ের। তৃই জাতের, কোনো কোনো পণ্ডিতের কাছে এমন কথা শুনেচি।

একজাত প্রধানত মা, আর একজাত প্রিয়া।

ঋতুর সঙ্গে তুলনা করা যায় যদি, মা হলেন বর্ষাঋতু। জলদান করেন, ফলদান করেন, নিরারণ করেন তাপ, উদ্ধিলোক থেকে আপনাকে দেন বিগলিত করে, দূর করেন শুঙ্গা, ভরিয়ে দেন অভাব।

আর প্রিয়া বসস্ত ঋতু। গভীর তার রহস্ত, মধুর তার মায়ামন্ত্র, তার চাঞ্চল্য রক্তে তোলে তরঙ্গ, পৌছয় চিত্তের সেই মণিকোঠায়, যেখানে সোনার বীণায় একটি নিভৃত তার রয়েচে নীরবে, ঝঙ্কারের অপেক্ষায়, যে ঝঙ্কারে বেজে বেজে ওঠে সর্বাদেহে মনে অনির্বাচনীয়ের বাণী।

#### শশাকের স্ত্রী শর্মিলা মায়ের জাত।

বড়ো বড়ো শান্ত চোখ; ধীর গভীর তার চাহনি; জলভরা নবমেঘের মতো নধর দেহ, স্মিগ্ধ শ্যামল; সিঁথিতে সিঁদ্রের অরুণ রেখা; সাড়ির কালো পাড়টি প্রশস্ত: হুই হাতে মকরমুখো মোটা হুই বালা, সেই ভূষণের ভাষা প্রসাধনের ভাষা নয়, শুভসাধনের ভাষা।

স্বামীর জীবনলোকে এমন কোনো প্রত্যস্ত দেশ নেই যেখানে তার সামাজ্যের প্রভাব শিথিল। স্ত্রীর অতিলালনের আওতায় স্বামীর মন হয়ে পড়েচে অসাবধান। ফাউন্টেন কলমটা সামাত্র ছুর্য্যোগে টেবিলের কোনো অনতিলক্ষ্য অংশে ক্ষণকালের জয়ে অগোচর হলে সেটা পুনরাবিষ্কারের ভার স্ত্রীর পরে। স্নানে যাধার পূর্ব্বে হাত-ঘড়িটা কোথায় ফেলেচে শশাঙ্কর হঠাৎ সেটা মনে পড়ে না, স্ত্রীর সেটা নিশ্চিত চোথে পড়ে। ভিন্ন রঙের ছ-জোড়া মোজার এক এক পাটি এক এক পায়ে পরে' বাইরে যাবার জন্মে যখন সে প্রস্তুত, স্ত্রী এসে তার প্রমাদ সংশোধন করে দেয়। বাংলা মাসের সঙ্গে ইংরেজি মাদের তারিখ জোড়া দিয়ে বন্ধুদের নিমন্ত্রণ করে, তার পরে অকালে অপ্রত্যাশিত অতিথি-সমাগমের আকস্মিক দায় পড়ে স্ত্রীর উপর। শশাঙ্ক নিশ্চয় জানে দিনযাত্রায় কোথাও ক্রটি ঘটলেই স্ত্রীর হাতে তার সংস্কার হবেই, তাই ক্রটি ঘটানোই তার স্বভাব হয়ে উঠেচে। স্ত্রী সম্নেহ তিরস্কারে বলে,"আর তো পারিনে। তোমার কি কিছুতেই শিক্ষা হবেনা!" যদি শিক্ষা হোত তবে শর্মিলার দিনগুলো হোত অনাবাদী ফসলের জমির মতো।

শশাস্ক হয়তো বন্ধুমহলে নিমন্ত্রণে গেছে। রাত এগারোটা হোলো, তুপুর হোলো, ব্রিজ খেলা চল্চে। হঠাৎ বন্ধুরা হেসে উঠ্ল, "ওচে, তোমার সমনজারির পেয়াদা। সময় তোমার আসন্ন।"

সেই চিরপরিচিত মহেশ চাকর। পাকা গোঁফ, কাঁচা মাথার চুল, গায়ে মেরজাই পরা, কাঁধে রঙিন ঝাড়ন, বগলে বাঁশের লাঠি। মা ঠাকরুণ খবর নিতে পাঠিয়েটেন বাবু কি আছেন এখানে? মা ঠাকরুণের ভয় পাছে ফেরবার পথে অন্ধকার রাতে ত্থোগ ঘটে। সঙ্গে একটা লঠনও পাঠিয়েচেন।

শশাস্ক বিরক্ত হয়ে তাস ফেলে দিয়ে উঠে পড়ে। বন্ধুরা বলে, "আচা একা অরক্ষিত পুরুষ মানুষ।" বাড়ি ফিরে এসে শশাস্ক স্ত্রীর সঙ্গে যে আলাপ করে সেটা না স্থিন্ধ ভাষায় না শাস্ত ভঙ্গীতে। শর্মিলা চুগ করে ভর্ৎসনা মেনে নেয়। কী কর্বে, পারেনা থাকতে। যত প্রকার অসম্ভব বিপত্তি ওর অনুপস্থিতির অপেক্ষায় স্বামীর পথে যড়্যন্ত্র করে এ আশকা ও কিছুতেই মন থেকে তাড়াতে পারে না।

বাইরে লোক এসেচে, হয়তো কাজের কথায়। ক্ষণে ক্ষণে অন্তঃপুর থেকে ছোটো ছোটো চিরকুট আসচে, "মনে আছে কাল তোমার অসুখ করেছিল। আজ সকাল সকাল খেতে এদা।" স্থাগ করে শশান্ধ, আবার হারও মানে। বড়ো ছংখে একবার স্ত্রীকে বলেছিল, "দোহাই ভোমার, চক্রবর্তী-বাড়ির গিন্ধির মতো একটা ঠাকুরদেবতা আশ্রয় করো। ভোমার মনোযোগ আমার একলার পক্ষে বেশি। দেবতার সক্ষে সেটা ভাগাভাগি করে নিতে পারলে সহজ হয়। যতই বাড়াবাড়ি করো দেবতা আপত্তি করবেন না, কিন্তু মানুষ যে ছর্বল।"

শশ্মিলা বল্লে, "হায় হায়, একবার কাকাবাবুর সঙ্গে যখন হরিদার গিয়েছিলুম, মনে আছে তোমার অবস্থা!"

অবস্থাটা যে অত্যন্ত শোচনীয় হয়েছিল এ কথা শশান্কই প্রচুর অলন্ধার দিয়ে একদা স্ত্রীর কাছে ব্যাখ্যা করেচে। জানত এই অত্যক্তিতে শশ্মিলা যেমন অমুতপ্ত তেমনই আনন্দিত হবে। আজ সেই অমিতভাষণের প্রতিবাদ করবে কোন্ মুখে ? চুপ করে মেনে যেতে হোলো, শুধু তাই নয়, সেদিনই ভোর বেলায় অল্প একটু যেন সর্দির আভাস দেখা দিয়েচে শশ্মিলার এই কল্পনা অনুসারে তাকে কুইনীন খেতে হোলো দশ গ্রেন, তা ছাড়া তুলসীপাতার রস দিয়ে চা। আপত্তি করবার মুখ ছিল না। কারণ ইতিপুর্কে অমুরূপ অবস্থায় আপত্তি করেছিল, কুইনীন্ খায়নি, জরও হয়েছিল এই বৃত্তাস্কৃটি শশাঙ্কের ইতিহাসে অপরিমোচনীয় অক্ষরে লিপিবদ্ধ হয়ে গেছে।

ঘরে আরোগ্য ও আরামের জন্মে শশ্মিলার এই যেমন

সম্প্রেছ ব্যপ্তাভা বাইরে সম্মান রক্ষার জক্তে তার সতর্কতা তেমনি সতেজ। একটা দৃষ্টাস্থ মনে পড়চে।

একবার বেডাতে গিয়েছিল নৈনিতালে। আগে থাকতে সমস্ত পথ কামরা ছিল রিজার্ভ করা। জংসনে এসে গাড়ি বদ্লিয়ে আহারের সন্ধানে গেছে। ফিরে এসে দেখে উর্দি-পরা হুর্জন মূর্ত্তি ওদের বেদখল করবার উল্লোগে প্র**রত।** ষ্টেশনমাষ্টার এসে এক বিশ্ববিশ্রুত জেনেরালের নাম করে বল্লে কামরাটা তাঁরই, ভুলে অন্ত নাম খাটানো হয়েচে। শশাক চক্ষু বিক্ষারিত করে সমন্ত্রমে অক্সত্র যাবার উপক্রম করচে, চেনকালে শর্মিলা গাড়িতে উঠে দরজা আগলিয়ে বললে, "দেখতে চাই কে আমাকে নামায়। ডেকে আনো তোমার জেনেরালকে।" শশাঙ্ক তথনো সরকারী কর্মচারী, উপরওয়ালার জ্ঞাতিগোত্রকে যথোচিত পাশ কাটিয়ে নিরাপদ পথে চলতে সে অভ্যন্ত। সে ব্যস্ত হয়ে যত বলে "আহা, কাজ কি, আরো তো গাড়ি আছে,"—শশ্মিলা কানই দেয় না। অবশেষে জেনেরাল সাহেব রিফ্রেশমেণ্ট রুমে আহার সমাধা করে চুরুট মুখে দূর থেকে স্ত্রীমৃর্ত্তির উগ্রতা দেখে গেল হটে। শশাঙ্ক স্ত্রীকে জিজ্ঞাসা করলে, "জানো কত বড়ো লোকটা।" স্ত্রী বললে, "জানার গরজ নেই। যে গাড়িটা আমাদের, সে গাড়িতে ও তোমার চেয়ে বড়ো নয়।"

শশাঙ্ক প্রশ্ন করলে, "যদি অপমান করত।"
শব্মিলা জবাব দিলে, "তুমি আছ কী করতে।"

শশাস্ক শিবপুরে পাস করা এঞ্জিনিয়ার। ঘরের জীবনযাত্রায় শশাদ্ধের যতই ঢিলেমি থাক্ চাকরির কাজে সে
পাকা। প্রধান কারণ, কর্মস্থানে যে তৃঙ্গী গ্রহের নির্দাম দৃষ্টি
সে হচ্চে যাকে চলতি ভাষায় বলে বড়ো সাহেব। স্ত্রীগ্রহ
সে নয়। শশাঙ্ক ডিপ্তিষ্ট এঞ্জিনিয়ারী পদে যথন এক্টিনি
করচে এমন সময় আসন্ধ উন্নতির মোড় ফিরে গেল উল্টে
দিকে। যোগ্যতা ডিঙিয়ে কাঁচা অভিজ্ঞতা সত্ত্বেও যে ইংরেজ
যুবক বিরল গুক্ষরেখা নিয়ে তার আসন দখল করলে কর্ত্ত্বপক্ষের উদ্ধাতন কর্ত্তার সম্পর্ক ও স্থপারিস বহন করে তার এই
অভাবনীয় আবির্ভাব।

শশাস্ক বুঝে নিয়েচে এই অর্কাচীনকে উপরের আসনে বসিয়ে নীচের স্তরে থেকে তাকেই কাজ চালিয়ে নিতে হবে। কর্তৃপক্ষ পিঠে চাপড় মেরে বললে, "ভেরি সরি মজুমদার, তোমাকে যত শীত্র পারি উপযুক্ত স্থান জুটিয়ে দেব।" এরা হজনেই এক ফ্রামেসন্ লজের অন্তর্ভুক্ত।

তবু আশ্বাস ও সান্ত্রনা সত্ত্বেও সমস্ত ব্যপারটা মজুমদারের পক্ষে অত্যন্ত বিস্বাদ হয়ে উঠল। ঘরে এসে ছোটোখাটো সব বিষয়ে খিট্খিট সুরু করে দিলে। হঠাৎ চোখে পড়ল তার আপিস ঘরের এককোণে ঝুল, হঠাৎ মনে হোলো চৌকির উপরে যে সবুজ রঙের ঢাকাটা আছে সে রঙটা ও ত্ত-চক্ষে দেখতে পারে না। বেহারা বারান্দা ঝাঁড় দিচ্ছিল, ধূলো উড়চে বলে তাকে দিল একটা প্রকাণ্ড ধমক। অনিবার্যা ধুলো রোজই ওড়ে কিন্তু ধমকটা সদ্য নূতন।

অসম্মানের খবরটা স্ত্রীকে জানালে না। ভাবলে যদি কানে ওঠে তাহলে চাক্রির জালটাতে আরো একটা গ্রন্থি পাকিয়ে তুলবে,—হয়তো বা স্বয়ং কর্ত্পক্ষের সঙ্গে ঝগড়া করে আসবে অমধুর ভাষায়। বিশেষত ঐ ডোনাল্ডসনের উপর তার রাগ আছে। একবার সে সার্কিট-হৌসের বাগানে বাঁদরের উৎপাত দম্মন করতে গিয়ে ছররাগুলিতে শশান্তর সোলার টুপি ফুটো করে দিয়েচে। বিপদ ঘটেনি কিন্তু ঘটতে তো পারত। লোকে বলে দোষ শশান্তেরই, শুনে তার রাগ আরো বেড়ে ওঠে ডোনাল্ডসনের পরেই। সকলের চেয়ে রাগের কারণটা এই, বাঁদরকে লক্ষ্য-করা গুলি শশাক্ষের উপর পড়াতে শক্রপক্ষ এই ছটো ব্যাপারের সমীকরণ করে উচ্চেন্থ্য করেচে।

শশাঙ্কের পদ-লাঘবের থবরটা শশাঙ্কের স্ত্রী স্বয়ং আবিছার করলে। সামীর রকম দেখেই বুঝেছিল সংসারে
কোনো দিক থেকে একটা কাঁটা উচিয়ে উঠেচে। তার
পরে কারণ বের করতে সময় লাগে নি। কন্ষ্টিট্রাশনাল
এক্সিটেশনের পথে গেল না, গেল সেল্ফ ডিটার্মিনেশনের
অভিমুখে। স্বামীকে বল্লে, "আর নয়, এখনি কাজ ছেড়ে
দাও।"

দিতে পারলে অপমানের জোঁকটা বুকের কাছ থেকে

খেসে পড়ে। কিন্তু খ্যানদৃষ্টির সামনে প্রসারিত রয়েচে বাঁধা মাইনের অল্পকেত্র, এবং তার পশ্চিম দিগন্তে পেন্সনের অবিচলিত স্বর্ণোজ্জল রেখা।

শশান্ধমৌলী যে-বছরে এম-এস্-সি ডিগ্রির সর্ব্বোচ্চ শিখরে সম্ম অধিরাঢ়, সেই বছরেই তার শশুর শুভকর্মে বিশম্ব করেন নি-শশাক্ষের বিবাহ হয়ে গেল শশ্মিলার সঙ্গে। ধনী শ্বশুরের সাহায্যেই এঞ্জিনিয়ারিং পাস করলে। তার পরে চাকরীতে ক্রত উন্নতির লক্ষণ দেখে রাজারাম বাবু জামাতার ভাবী সচ্চলতার ক্রমবিকাশ নির্ণয় করে আশ্বস্ত হয়েছিলেন। মেয়েটিও আজ পর্য্যন্ত অনুভব করেনি তার অবস্থান্তর ঘটেচে। শুধু যে সংসারে অন্টন নেই তা নয় বাপের বাড়ির চালচলন এখানেও বজায় আছে। কারণ, এই পারিবারিক ছৈরাজ্যে ব্যবস্থাবিধি শশ্মিলার অধিকারে। ওর সম্ভান হয় নি, হবার আশাও বোধ করি ছেড়েচে। স্বামীর সমস্ত উপাৰ্জন অখণ্ডভাবে এসে পড়ে ওরই হাতে। বিশেষ প্রয়োজন ঘটলে ঘরের অন্নপূর্ণার কাছে ফিরে ভিক্ষা না মেগে শশাঙ্কর উপায় নেই। দাবী অসকত হলে নামজুর হয়, মেনে নেয় মাথা চুলকিয়ে। অপর কোনোদিক থেকে নৈরাশ্রটা পুরণ হয় মধুর द्राम ।

শশান্ধ বল্লে, "চাকরি ছেড়ে দেওয়া আমার পক্ষে কিছুই নয়। তোমার জয়ে ভাবি, কট হবে তোমারি।" শশ্বিল। বল্লে, "তার চেয়ে কষ্ট হবে যখন অস্থায়টাকে গিল্তে গিয়ে গলায় বাধবে।"

শশাঙ্ক বল্লে, "কাজ তো করা চাই, ধ্রুবকে ছেড়ে অধ্রুবকে খুঁজে বেড়াব কোন পাড়ায় ?"

"সে পাড়া তোমার চোখে পড়ে না। তুমি যাকে ঠাট্টা করে বলো তোমার চাকরির লুচি-স্থান, বে-লুচিস্থান মরু-প্রদেশের ওপারে, তার বাইরের বিশ্বব্রহ্মাণ্ডকে তুমি গণ্যই করো না।"

"মস্ত দ্রবীন তোমাকে কষতে হবে না। আমার জ্ঞাতি সম্পর্কের মথুরদাদ। কলকাতায় বড়ো কট্রাক্টর, তাঁর সক্ষে ভাগে কাজ করলে দিন চলে যাবে।"

"ভাগটা ওজনে অসমান হবে। এপক্ষে বাটখারায় কমতি। খুঁড়িয়ে সরিকি করতে গেলে পদম্যাদা থাকবেনা।"

"এ পক্ষে কোনো অংশেই কমতি নেই। তুমি জানো, বাবা আমার নামে ব্যাক্ষে যে টাকা রেখে গেছেন, স্থুদে বাড়চে। সরিকের কাছে তোমাকে খাটো হতে হবে না।"

"সে কি হয় ? ও টাকা যে তোমার।" বলে শশাস্ক উঠে পড়ল। বাইরে লোক বসে আছে। শর্মিলা স্বামীর কাপড়ুধরে টেনে বসিয়ে বল্লে, "আমিও বে তোমারি।"

তারপর বল্লে, "বের করো তোমার জেব থেকে ফাউন্টেনপেন এই নাও চিঠির কাগজ, লেখে। রেজিগ্নেশন পত্র। সেটা ডাকে রওনা না করে আমার শান্তি নেই।"

"আমারো শান্তি নেই বোধ হ**ঞে**।"

লিখলে রেজিগ্নেশন পত্র।

পরদিনেই শশ্মিলা চলে গেল কলকাতায়, উঠ্ল গিয়ে মথুরদাদার বাড়িতে। অভিমান করে বল্লে, "একদিনো তো বোনের খবর নাও না।" মেয়ে প্রতিদ্বন্দী হলে বলত, "ভূমিও তো নাও না।" পুরুষের মাথায় সে জবাব জোগালো না। অপ্রাধ মেনে মিলে। বল্লে, "নিঃশ্বাস ফেলবাব কি সময় আছে। নিজে আছি কিনা তাই ভূল হয়ে যায়। আর তা ছাড়া তোমরাও তো দূরে দূরে বেড়াও।"

শশ্মিলা বল্লে, "কাগজে দেখলুম ময়ুরভঞ্জ না মথুরগঞ্জ কোথায় একটা ব্রিজ তৈরির কাজ পেয়েচ। পড়ে এত খুসি হলুম। তখনি মনে হোলো মথুর দাদাকে নিজে গিয়ে কন্গ্রাচুলেট করে আসি।"

"একটু সবুব কোরো খুকি। এখনো সময় হয় নি।"
ব্যাপারখানা এই:—নগদ টাকা ফেলার দ্রকার।
মাড়োয়ারি ধনীর সঙ্গে ভাগে কাজ করার কথা। শেষকালে

প্রকাশ হোলো যে-রকম সর্ত্ত তাতে শাঁসের ভাগটাই মাড়োয়ারির আর ছিব্ড়ের ভাগটাই পড়বে ওর কপালে। তাই পিছোবার চেষ্টা।

শশ্মিলা ব্যস্ত হয়ে উঠে বল্লে, "এ কখনো হতেই পারে না। ভাগে কাজ করতে যদি হয় আমাদের সঙ্গে করো। এমন কাজটা ভোমার হাত থেকে ফস্কে গেলে ভারী অন্তায় হবে। আমি থাকতে এ হতেই দেব না, যাই বলো তুমি।"

এর পরে লেখাপড়া হতেও দেরি হোলো না; মথুর দাদার হৃদয়ও বিগলিত হোলো।

ব্যবসা চলল বেগে। এর আগে চাকরির দায়িছে শশাস্ক কার্জ করেচে, সে দায়িছের সীমা ছিল পরিমিত। মনিব ছিল নিজের বাইরে, দানী এবং দেয় সমান সমান ওজন মিলিয়ে চলত। এখন নিজেরই প্রভূষ নিজেকে চালায়। দাবী এবং দেয় এক জায়গায় মিলে গেছে। দিনগুলো ছুটিতে কাজেতে জালবোনা নয়, সময়টা হয়েচে নিরেট। যে দায়িছ ওর মনের উপর চেপে সেটাকে ইচ্ছে করলেই ত্যাগ করা যায় বলেই তার জোর এত কড়া। আর কিছু নয়, স্ত্রীর ঋণ শুধতেই হবে, তারপরে ধীরে স্ক্তে চলবার সময় পাওয়া যাবে। বাঁ হাতের কব্জিতে ঘড়ি, মাথায় সেলার টুপি, আস্তিন গোটানো, খ্যাকির প্যান্ট্ পরা, চামড়ার কোমরবন্ধ আঁটা, মোটা স্থকতলাওয়ালা জুতো,

চোখে রোদ বাঁচাবার রঙীন চষমা,—শশাক্ষ উঠে পড়ে লেগে গেল কাজে। স্ত্রীর ঋণ যখন শোধ হবার কিনারায় এলো, তখনো ইষ্টিমের দম কমায় না, মনটা তখন উঠেচে গ্রম হয়ে।

ইতিপুর্বে সংসারে আয় ব্যয়ের ধারাটা বইত একই খাদে, এখন হোলো হুই শাখা। একটা গেল ব্যাক্ষের দিকে, আর একটা ঘরের দিকে। শশ্মিলার বরাদ পূর্বের মতোই আছে, সেথানকার দেনা পাওনার রহস্ত শশান্ধব অগোচরে। আবার ব্যবসায়ের ঐ চামড়া-বাঁধানে। হিসেবের খাতাটা শিশিলাব পক্ষে তুর্গম তুর্গ বিশেষ। তাতে ক্ষতি নেই। কিন্তু স্বামীর ব্যাবসায়িক জীবনের কক্ষপথ ওর সংসারচক্রের বাইরে পড়ে যাওয়াতে সেই দিক থেকে ওর বিধিবিধান উপেক্ষিত হতে থাকে। মিনতি করে বলে, "বাড়াবাড়ি কোরো না, শরীর যাবে ভেঙে।" কোনো ফল হয় না। আশ্চর্য্য এই, শরীরও ভাঙচেনা। স্বাস্থ্য নিয়ে উদ্বেগ, বিশ্রামের অভাব নিয়ে আক্ষেপ, আরামের খুঁটিনাটি নিয়ে ব্যস্ততা ইত্যাদি শ্রেণীর দাপ্পত্যিক উৎকণ্ঠা স্বেগে উপেক্ষা করে শশাক্ষ সকাল বেলায় সেকেণ্ডহাণ্ড ফোর্ড গাড়ি নিজে হাঁকিয়ে শিঙে বাজিয়ে বেরিয়ে পড়ে। বেলা ছটো আড়াইটার সময় ঘরে ফিরে এসে বকুনি খায়, এবং আর আর খাওয়াও ক্রত হাত চালিয়ে শেষ করে।

একদিন ওর মোটর গাড়ির সঙ্গে আর কার গাড়ির ধাকা

লাগল। নিজে গেল বেঁচে, গাড়িটা হোলো জখম, পাঠিয়ে দিল তাকে মেরামত করতে। শব্মিলা ব্যতিব্যস্ত হয়ে উঠল। বাষ্পাকুলকঠে বল্লে, "গাড়ি তুমি নিজে হাঁকাতে পারবে না।"

শশাক হেসে উড়িয়ে দিয়ে বল্লে, "পরের হাতের আপদও একই জাতের হুষ্মন।"

একদিন কোন্ মেরামতের কাজ তদস্ত করতে গিয়ে জুতো ফুঁড়ে পায়ে ফুটল ভাঙা প্যাকবাক্সর পেরেক, হাঁসপাতালে গিয়ে ব্যাণ্ডেজ বেঁধে ধুসুষ্টকারের টীকে নিলে, সেদিন কালাকাটি করলে শশ্মিলা, বল্লে, "কিছুদিন থাক শুয়ে।"

শশাঙ্ক অত্যন্ত সংক্ষেপে বল্লে "কাজ।" এর চেয়ে বাক্য আর সংক্ষেপ করা যায় না।

শিশিলা বল্লে, "কিন্তু"—এবার বিনা বাক্টেই ব্যাণ্ডেজ-স্থদ্ধ চলে গেল কাজে।

জোর খাটাতে আর সাহস হয় না। আপন ক্ষেত্রে পুরুষের জোর দেখা দিয়েচে। যুক্তিভর্ক কাকুতি মিনভির বাইরে একটিমাত্র কথা, "কাজ আছে।" শশ্মিলা অকারণে উদ্বিগ্ন হয়ে বসে থাকে। দেরি হলেই ভাবে মোটরে বিপদ্ ঘটেচে। রোদ্ধুর লাগিয়ে স্বামীর মুখ যখন দেখে রক্তবর্ণ, মনে করে নিশ্চয় ইন্ফুয়েঞ্জা। ভয়ে ভয়ে আভাস দেয় ডাক্তারের—স্বামীর ভাবখানা দেখে এখানেই থেমে যায়। মন খুলে উদ্বেগ প্রকাশ করতেও আজ্কাল ভরসা হয় না।

শশাক দেখতে দেখতে রোদে পোড়া, খট্থটে হয়ে উঠেচে। খাটো আঁট কাপড়, খাটো আঁট অবকাশ, চালচলন জ্রুত, কথাবার্ত্তা ফুলিঙ্গের মতো সংক্ষিপ্ত। শর্মিলার সেবা এই জ্রুত লয়ের সঙ্গে তাল রেখে চল্তে চেষ্টা করে। ষ্টোভের কাছে কিছু খাবার সর্বদাই গ্রম রাখতে হয়, কখন স্বামী र्का९ अमगरम वरन वरम "ठन्नूम, ফিরতে দেরি হবে।" মোটর গাড়িতে গোছানো থাকে সোডাওয়াটার এবং ছোটো টীনের বাক্সে শুক্নো জাতের খাবার। একটা ওডিকলোনের শিশি বিশেষ দৃষ্টিগোচররপেই রাখা থাকে, যদি মাথা ধবে। গাড়ি ফিরে এলে পরীক্ষা করে দেখে কোনোটাই ব্যবহার করা হয়নি। মন খারাপ হয়ে যায়। সাফ কাপড় শোবার ঘরে প্রত্যহই সুপ্রকাশ্যভাবে ভাঁজ করা, তৎসত্ত্বেও অস্তত সপ্তাহে চারদিন কাপড় ছাড়বার অবকাশ থাকে ঘরকল্লার প্রামর্শ খুবই খাটো করে আন্তে হয়েচে, জরুরি টেলিগ্রামের ঠোকর-মারা ভাষার ধরণে, সেও চল্তে চল্তে পিছু ভাক্তে ডাক্তে, বল্তে বল্তে, "ওগো শুনে যাও কথাটা।" ওদের ব্যবসার মধ্যে শর্মিলার যে একটুখানি যোগ ছিল তাও গেল কেটে, ওর টাকাটা এসেচে স্থদে **আসলে শোধ হয়ে। স্থুদও দিয়েচে মাপজোখ করা হিসেবে,** দস্তরমতো রসিদ নিয়ে। শর্মিলা বলে, "বাস্রে, ভালবাসাতেও পুরুষ আপনাকে সবটা মেলাতে পারে না। একটা জায়গা ফাঁকা রাখে, সেই খানটাতে ওদের পৌরুষের অভিমান।

লাভের টাকা থেকে শশাক্ক মনের মতো বাড়ি খাড়াই করেচে ভবানীপুরে। ওর সথের জিনিষ। স্বাস্থ্য আরাম শৃত্যালার নতুন নতুন প্ল্যান আসচে মাথায়। শর্মিলাকে আশ্চর্য্য করবার চেষ্টা। শর্মিলাও বিধিমতো আশ্চর্য্য হতে ক্রটি করে না। এজিনিয়ার একটা কাপড়-কাচা কলের পত্তন করেচে, শর্মিলা সেটাকে ঘুরে ফিরে দেখে খুব তারিক করলে। মনে মনে বল্লে, "কাপড় আজও যেমন ধোবার বাড়ি যাচেচ কালও তেমনি যাবে। ময়লা কাপড়ের গর্মজভ্বাহনকে বুজান নিয়েচি, তার বিজ্ঞানবাহনকে বুজানে।" আলুর খোসা ছাড়াবার যন্ত্রটা দেখে তাক লেগে গেল, বল্লে, "আলুর দম তৈরি করবার বারো আনা তঃখ যাবে কেটে।" পরে শোনা গেছে সেটা ফুটো ডেকচি ভাঙা কাৎলি প্রভৃতির সঙ্গে এক বিস্থৃতিশয্যায় নৈক্র্য্যা লাভ করেচে।

বাড়িটা যখন শেষ হয়ে গেল তখন এই স্থাবর পদার্থটার প্রতি শর্মিলার রুদ্ধ স্নেহের উল্লম ছাড়া পেলে। স্থাবিধা এই যে ইটকাঠের দৈহটাতে ধৈর্য্য অটল। গোছানো গাছানো সাজানো গোজানোর মহোল্যমে হুই হুই জন বেহারা হাপিয়ে উঠ্ল, একজন দিয়ে গেল জবাব। ঘরগুলোর গৃহসজ্জা চলচে শশাস্ককে লক্ষ্য করে। বৈঠকখানা ঘরে সে আজকাল প্রায়ই বসে না তবু তারি ক্লান্ত মেরুদণ্ডের উদ্দেশে কুশন নিবেদন করা হচ্চে নানা ক্যাশনের; ফুলদানি একটা আধটা নয়, টিপায়ে টেবিলে ঝালরওয়ালা ফুলকাটা আবরণ। শোবার

ঘরে দিনের বেলায় শশান্ধর সমাগম আজক ল বন্ধ, কেননা তার আধুনিক পঞ্জিকায় রবিবারটা সোমবারেরই যমজ ভাই।
অক্ত ছুটিতে কাজ যখন বন্ধ তখনও ছুটোছাটা কাজ কোথা
থেকে সে খুঁজে বের করে, আপিস ঘরে গিয়ে প্ল্যান আঁকবার
তেলা কাগজ কিম্বা খাতাপত্র নিয়ে বসে। তবু সাবেক
কালের নিয়ম চলচে। মোটা গদিওয়ালা সোফার সামনে
প্রস্তুত থাকে পশমের চটি জোড়া। সেখানে পানের বাটায়
আগেকার মতোই পান থাকে সাজা, আলনায় থাকে পাংলা
দিন্ধের পাঞ্জাবী, কোঁচানো ধৃতি। আপিস ঘরটাইত হস্তক্ষেপ
করতে সাহসের দরকার, তবু শশান্ধের অমুপস্থিতিকালে
ঝাড়ন হাতে শশ্মিলা সেখানে প্রবেশ করে। সেখানকার
রক্ষণীয় এবং বর্জনীয় বস্তুব্যুহের মধ্যে সজ্জা ও শৃদ্খলার
সমন্বয় সাধনে তার অধ্যবসায় অপ্রতিহত

শব্দিলা সেবা করচে, কিন্তু আজকাল সেই সেবার অনেক-খানি অগোচরে। আগে তার যে আত্মনিবেদন ছিল প্রত্যক্ষের কাছে, এখন তার প্রয়োগটা প্রতীকে,—বাড়িঘর সাজানোয়, বাগান করায়, যে চৌকিতে শশাঙ্ক বসে তারই রেশমের ঢাকায়, বালিশের ওয়াড়ের ফুলকাটা কাজে, আপিসের টেবিলের কোণে রজনীগন্ধার গুচ্ছে সজ্জিত নীল ক্ষটিকের ফুলদানীতে।

নিজের অর্ঘ্যকে পূজা বেদীর থেকে দূরে স্থাপন করতে হল, কিন্তু অনেক হুঃখে। এই অল্পদিন আগেই যে ঘা পেয়েচে ভার চিহ্ন গোপনে চোখের জল ফেলে ফেলে মুছতে হয়েচে।
সেদিন উনত্রিশে কার্ত্তিক, শশাঙ্কের জন্মদিন। শর্মিলার
জীবনে সব চেয়ে বড়ো পরব। যথারীতি বন্ধুবান্ধবদের
নিমন্ত্রণ করা হোলো, ঘর হয়োর বিশেষ করে সাজানো
ভয়েচে ফুলে পাতায়।

সকালের কাজ সেরে শশাঙ্ক বাড়ি ফিরে এসে বললে, "এ কী ব্যাপার ? পুতুলের বিয়ে না কি ?"

"হায়রে কপাল, আজ তোমার জন্মদিন, সে কথাটাও ভূলে গেছ? যাই বলো বিকেলে কিন্তু তুমি বেরোতে পারবে না।"

"বিজ্নেস্ মৃত্যুদিন ছাড়া আর কোনো দিনের কাছে মাথা হেঁট করে না।"

"আর কখনো বলব না। আজ লোকজন নেমস্তন্ন করে ফেলেচি।"

"দেখ শর্মিলা, তুমি আমাকে খেলনা বানিয়ে বিশ্বের লোক ডেকে খেলা করবার চেষ্টা কোরো না" এই বলে শশাস্ক জ্রুত চলে গেল। শর্মিলা শোবার ঘরে দরজা বন্ধ করে খানিকক্ষণ কাঁদলো।

অপরাত্নে লোকজন এলো। বিজ্নেসের সর্ব্বোচ্চ দাবী তারা সহজেই মেনে নিলে। এটা যদি হোত কালিদাসের জন্মদিন তবে শকুস্তলার তৃতীয় অঙ্ক লেখবার ওজরটাকে সকলেই নিশ্চয় নিতাস্ত বাজে বলে ধরে নিত। কিন্তু বিজ্নেস্! আমোদ প্রমোদ যথেষ্ট হোলো। নালুবাবু থিয়েটারের নকল করে সবাইকে খুব হাসালেন, শর্মিলাও সে হাসিতে যোগ দিলে। শশাস্ক-বিরহিত শশাঙ্কের জন্মদিন সাষ্ট্রাক্ত প্রণিপাত করলে শশাস্ক-অধিষ্ঠিত বিজ্নেসের কাছে।

ুত্বংখ যথেষ্ট হোলো তবু শর্মিলার মনও দূর থেকে প্রণিপাত করলে শশাঙ্কের এই ধাবমান কাজের রথের ধ্বজাটাকে। ওর কাছে সেই ত্রধিগম্য কাজ, যা কারে। খাতির করে না, স্ত্রীর মিনভিকে না, বন্ধুর নিমন্ত্রণকে না, নিজের আরামকে না। এই কাজের প্রতি শ্রনা দ্বারা পুরুষ মামুষ নিজেকে শ্রদ্ধা করে, এ তার আপন শক্তির কাছে আপনাকে নিবেদন। শর্মিলা ঘরকরার প্রাত্যহিক কর্মধারার পারে দাঁড়িয়ে সমস্ত্রমে চেয়ে দেখে তার পরপারে শশাঙ্কের কাজ। বহুব্যাপক তার সন্তা, ঘরের সীমানা ছাড়িয়ে চলে যায় সে দ্রদেশে, দূর সমুদ্রের পারে, জানা অজানা কড় লোককে টেনে নিয়ে আসে আপন শাসন জালে। নিজের অদৃষ্টের সঙ্গে পুরুষের প্রতিদিনের সংগ্রাম; তারই বন্ধুর যাত্রাপথে মেয়েদের কোমল বাহুবন্ধন যদি বাধা ঘটাতে আসে তবে পুরুষ তাকে নির্ম্মম বেগে ছিন্ন করে যাবে বই কি। এই নির্ম্মতাকে শর্মিলা ভক্তির সঙ্গেই মেনে নিলে। মাঝে মাঝে থাকতে পারে না, যেখানে অধিকার নেই হৃদয়ের টানে সেখানেও নিয়ে আসে তার সকরুণ উৎকণ্ঠা, আঘাত পায়, সে আঘাতকে প্রাপ্য গণ্য করেই ব্যথিত মনে পথ ছেছে দিয়ে ফিরে আসে। দেবতাকে বলে, দৃষ্টি রেখো, যেখানে তার নিজের গতিবিধি অবরুদ্ধ।

#### नौज़क

ব্যাক্ষে-জমা টাকায় সওয়ার হয়ে এ পরিবারের সমৃদ্ধি
যে-সময়টাতে ছুটে চলেচে ছয় সংখ্যার অঙ্কের দিকে, সেই
সময়েই শর্মিলাকে ধরল ছর্কোধ কোন্ এক রোগে, ওঠবার
শক্তি রইল না। এ নিয়ে কেন যে ছ্রভাবনা সে কুথাটা
বিবৃত করা দরকার।

রাজারামবাবু ছিলেন শর্মিলার বাপ। বরিশাল অঞ্চলে এবং গঙ্গার মোহনার কাছে তাঁর অনেকগুলি মস্ত জমিদারী। তা ছাড়া জাহাজ তৈরির ব্যবসায়ে তাঁর শেয়ার আছে শালিমারের ঘাটে। তাঁর জন্ম সেকালের সীমানায় একালের স্থকতে। কুন্তিতে শিকারে লাঠিখেলায় ছিলেন ওস্তাদ। পাখোয়াজে লাম ছিল প্রসিদ্ধ। মার্চেণ্ট অফ্ ভেনিস, জুলিয়াস্ সিজার্, হামলেট থেকে হচার পাতা মুখস্থ বলে যেতে পারতেন, মেকলের ইংরেজি ছিল তাঁর আদর্শ, বার্কের বাগ্মিতায় ছিলেন মুগ্ধ, বাংলাভাষায় তাঁর শ্রদ্ধার সীমা ছিল মেঘনাদবধকাব্য পর্যান্ত। মধ্য বয়সে মদ এবং নিষিদ্ধান্তান আধুনিক চিত্তোৎকর্ষের আবশ্যক অঙ্গ বলে জানতেন, শেষ বয়সে ছেড়ে দিয়েচেন। সয়ত্ন ছিল তাঁর জানতেন, শেষ বয়সে ছেড়ে দিয়েচেন। সয়ত্ন ছিল তাঁর

পরিচ্ছদ, মৃন্দর গন্তীর ছিল তাঁর মুখঞ্জী, দীর্ঘ বলিষ্ঠ ছিল তাঁর দেহ, মেজাজ ছিল মজ্লিষি, কোনো প্রার্থী তাঁকে ধরে পড়লে 'না' বলতে জানতেন না। নিষ্ঠা ছিল না পূজার্চনায়, অথচ সেটা সমারোহে প্রচলিত ছিল তাঁর বাড়িতে। সমারোহ দ্বারা কৌলিক মর্য্যাদা প্রকাশ পেত, পূজাটা ছিল মেয়েদের এবং অক্সদের জন্মে; ইচ্ছে করলে অনায়াসেই রাজা উপাধি পেতে পারতেন; উদাস্তের কারণ জিজ্ঞেস করলে রাজারাম হেসে বলতেন, পিতৃদত্ত রাজোপাধি ভোগ কর্চেন, তার উপরে অক্স উপাধিকে আসন দিলে সম্মান থর্ম হবে। গবর্মেন্টহৌসে তাঁর ছিল বিশেষ দেউড়িতে সম্মানিত প্রবেশিকা। কর্তৃপক্ষীয় পদস্থ ইংরেজ তাঁর বাড়িতে চিরপ্রচলিত জগদ্ধাত্রী পূজায় শ্যাম্পেন প্রসাদ ভূরি পরিমাণেই অস্তরস্থ করতেন।

শর্মিলার বিবাহের পরে তাঁর পত্নীহীন ঘরে ছিল বড়ে।
ছেলে হেমন্ত, আর ছোটো মেয়ে উর্মিমালা। ছেলেটিকে
অধ্যাপকবর্গ বলতেন দীপ্তিমান, ইংরেজিতে ৹যাকে বলে
বিলিয়ান্ট। চেহারা ছিল পিছন ফিরে চেয়ে দেখবার মতো।
এমন বিষয় ছিল না যাতে বিজ্ঞা না চড়েচে পরীক্ষামানের
উর্জিভম মার্কা পর্যান্ত। তা ছাড়া ব্যায়ামের উৎকর্ষে বাপের
নাম রাখতে পারবে এমন লক্ষণ প্রবল। বলা বাছল্য
তার চারদিকে উৎকৃত্তিত ক্যামগুলীর কক্ষপ্রদক্ষিণ স্বেগে
চলছিল, কিন্তু বিবাহে তার মন তখনো উদাসীন। উপস্থিত

লক্ষ্য ছিল য়ুরোপীয় বিশ্ববিভালয়ে উপাধি সংগ্রহের দিকে। সেই উদ্দেশ্য মনে নিয়ে ফরাসি জর্মন শেখা স্থক করেছিল।

আর কিছু হাতে না পেয়ে অনাবশুক হলেও আইন পড়া যখন আরম্ভ করেচে এমন সময় হেমন্তের অন্তে কিম্বা শরীরের কোন্ যন্ত্রে কী একটা বিকার ঘটল ডাক্তারেরা কিছুই তার কিনারা পেলেন না। গোপনচারী রোগ সবল দেহে যেন তুর্গের আশ্রয় পেয়েচে, তার থোঁজ পাওয়া যেমন শক্ত হোলো তাকে আক্রমণ করাও তেমনি। সেকালের এক ইংরেজ ডাক্তারের উপর রাজারামের ছিল অবিচলিত আস্থা। অত্ত-চিকিৎসায় লোকটি যশসী। রোগীর দেহে সন্ধান স্থুক করলেন। অস্ত্রব্যবহারের অভ্যাসবশত অমুমান করলেন, দেহের তুর্গম গহনে বিপদ আছে বদ্ধমূল, সেটা উৎপাটন-যোগ্য। অস্ত্রের স্থকৌশল সাহায্যে স্তর ভেদ করে যেখানটা অনাবৃত হোলো, সেখানে কল্পিত শত্রুও নেই, তার অত্যাচারের চিহ্নও নেই। ভুল শোধরাবার রাস্তা রইল না, ছেলেটি মারা গেল। বাপের মনে বিষম **তঃখ কিছুতেই** শান্ত হতে চাইল না। মৃত্যু তাঁকে তত বাজেনি কিন্তু অমন একটা সজীব স্থন্দর বলিষ্ঠ দেহকে এমন করে খণ্ডিত করার শ্বতিটা দিনরাত তাঁর মনের মধ্যে কালো হিংত্র পাধীর মতো তীক্ষ নথ দিয়ে আঁকড়ে ধরে রইল। মর্ম্মশোবণ করে টানলে ভাঁকে মৃত্যুর মুথে।

নত্ন পাস-করা ভাজার, হেমন্তের পূর্ব্ব সহাধ্যায়ী, নীরদ
মুথুজ্জে ছিল শুক্রার সহায়তাকাজে। বরাবর জোর করে
সে বলে এসেচে ভূল হচেচ। সে নিজে ব্যামোর একটা স্বরূপ
নির্ণয় করেছিল, পরামর্শ দিয়েছিল দীর্ঘকাল শুক্নো জায়গায়
হাওয়া বদল করতে। কিন্তু রাজারামের মনে তাঁদের পৈত্রিক
যুগের সংস্কার ছিল অটল। তিনি জানতেন যমের সঙ্গে
হংরেজ ভাজার। এই ব্যাপারে নীরদের পরে অযথামাত্রায়
তাঁর স্থেহ ও শ্রদ্ধা বেড়ে গেল। তাঁর ছোটো মেয়ে উর্দ্ধির
অকস্মাৎ মনে হোলো, এ মানুষ্টার প্রতিভা অসামান্তা।
বাবাকে বল্লে, "দেখো তো বাবা, অল্প বয়েস অথচ নিজের
পরে কী দৃঢ় বিশ্বাস, আর অতবড়ো হাড়-চওড়া বিলিতি
ডাজারের মতের বিরুদ্ধে নিজের মতকে নিঃসংশয়ে প্রচার
করতে পারে এমন অসঙ্কুচিত সাহস।"

বাবা বল্লেন, "ডাক্তারি বিছে কেবল শাস্ত্রগত নয়। কারো কারো মধ্যে থাকে ওটার ছর্লভ দৈব সংস্কার। নীরদের দেখচি তাই।"

এদের ভক্তির স্থক হোলো একটা ছোটো প্রমাণ নিয়ে, শোকের আঘাতে, পরিতাপের বেদনায়; তারপরে প্রমাণের অপেক্ষা না করে সেটা আপনিই বেড়ে চলল।

রাজারাম একদিন মেয়েকে বল্লেন, "দেখ, উর্দ্মি, আমি যেন শুনতে পাই, হেমস্ত আমাকে কেবলি ডাকচে, বল্চে শাস্থ্যের রোগেব ছঃখ দূর করে।। স্থির করেচি তার নামে একটা হাঁসপাতাল প্রতিষ্ঠা করব।"

উর্মিতার স্বভাবসিদ্ধ উৎসাহে উচ্চ্ সিত হয়ে বল্লে, "থুব ভালো হবে। আমাকে পাঠিয়ে দিয়ো য়ুরোপে, ডাক্তারি শিখে ফিরে এসে যেন হাঁসপাতালের ভার নিতে পারি।"

কথাটা রাজারামের হৃদয়ে গিয়ে লাগ্ল। বল্লেন,
"ঐ হাঁসপাতাল হবে দেবত্র সম্পত্তি, তুই হবি সেবায়েং।
হেমস্ত বড়ো হঃখ পেয়ে গেছে, তোকে সে বড়ো ভালোবাসত, তোর এই পুণ্যকাজে পরলোকে সে শান্তি পাবে।
তার রোগশযায় তুই তো দিনরাত্রি তার সেবা করেচিস্,
সেই সেবাই তোর হাতে আরো বড়ো হয়ে উঠ্বে।" বনেদী
ঘরের মেয়ে ডাক্ডারি করবে এটাও স্প্টিছাড়া বলে বুজের
মনে হোলো না। রোগের হাত থেকে মামুষকে বাঁচানো
বল্তে যে কতখানি বোঝায় আজ সেটা আপন মর্শ্রের মধ্যে
বুঝেচেন। তাঁর ছেলে বাঁচেনি কিন্তু অক্সের ছেলেরা যদি
বাঁচে তাহলে যেন তার ক্ষতিপূরণ হয়, তাঁর শোকের লাঘব
হতে পারে। মেয়েকে বল্লেন, "এখানকার য়্নিভার্সিটিতে
বিজ্ঞানের শিক্ষাটা শেষ হয়ে যাক আগে, তার পরে
য়্রোপে।"

এখন থেকে রাজারামের মনে একটা কথা ঘুরে বেড়াতে লাগ্ল। সে ঐ নীরদ ছেলেটির কথা। একেবারে সোনার টুক্রো। যত দেখচেন ততই লাগচে চমংকার। পাস করেচে বটে, কিন্তু পরীক্ষার তেপান্তর মাঠ পেরিয়ে গিয়ে ডাক্তারি বিছার সাতসমুদ্রে দিনরাত সাঁতার কেটে বুড়াচেচ। অল্প বয়েস, অথচ আমোদপ্রমোদ কোনো কিছুতে টলে না মন। হালের যত কিছু আবিষ্কার তাই আলোচনা করচে উল্টে পাল্টে, পরীক্ষা করচে, আর ক্ষতি করচে নিজের পসারের। অত্যন্ত অবজ্ঞা করচে তাদের যাদের পসার জমেচে। বল্ত, মূর্থেরা লাভ করে উন্নতি, যোগ্যব্যক্তিরা লাভ করে গৌরব।) কথাটা সংগ্রহ করেচে কোনো একটা বই থেকে।

অবশেষে একদিন রাজারাম উর্মিকে বল্লেন, "ভেবে দেখ্লুম, আমাদের হাঁসপাতালে তুই নীরদের সঙ্গিনী হয়ে কাজ কর্লেই কাজটা সম্পূর্ণ হবে আর আমিও নিশ্চিন্ত হতে পারব। ওর মতো অমন ছেলে পাব কোথায়?"

রাজারাম আর যাই পারুন হেমস্তের মতকে অগ্রাহ্য কর্তে পারতেন না। সে বল্ত মেয়ের পছল উপেক্ষা করে বাপমায়ের পছলে বিবাহ ঘটানো বর্বরতা। রাজারাম একদা তর্ক করেছিলেন, বিবাহ ব্যাপারটা শুধু ব্যক্তিগত নয়, তার সঙ্গে সংসার জড়িত, তাই বিবাহে শুধু ইচ্ছার ঘারা নয় অভিজ্ঞতার ঘারা চালিত হওয়ার দরকার আছে। তর্ক যেমনি করুন অভিক্রচি যেমনি থাক হেমস্তের পরে উনর স্নেহ এত গভীর যে, তার ইচ্ছাই এ পরিবারে জয়ী হোলো। নীরদ মুখুজের এ বাড়িতে গতিবিধি ছিল। হেমন্ত ওর নাম দিয়েছিল আউল, অর্থাৎ প্যাচা। অর্থ ব্যাখ্যা করতে বল্লে সে বল্ত ও মাতুষটা পৌরাণিক, মাইথলজিকাল, ওর বয়েস নেই কেবল আছে বিছে, তাই, আমি ওকে বলি মিনার্ভার বাহন।

নীরদ এদের বাড়িতে মাঝে মাঝে চা খেয়েচে, হেমস্তর সঙ্গে তুমুল তর্ক চালিয়েচে, মনে মনে উদ্মিকে নিশ্চয়ই লক্ষ্য করেচে কিন্তু ব্যবহারে করে নি যে তার কারণ, এক্ষেত্রে যথোচিত ব্যবহারটাই ওর স্বভাবে নেই। ও আলোচনা করতে পারে আলাপ করতে জানেনা। যৌবনের উত্তাপ ওব মধ্যে যদি বা থাকে তার আলোটা নেই। এই জক্ষেই, যে সব যুবকের মধ্যে যৌবনটা যথেষ্ঠ প্রকাশমান তাদের অবজ্ঞা করেই ও আত্মপ্রসাদ লাভ করে। এই সকল কারণে ওকে উদ্মির উমেদার শ্রেণীতে গণ্য কর্তে কেউ সাহস করেনি। অথচ সেই প্রতীয়মান নিরাসক্তিই বর্ত্তমান কারণের সঙ্গের যুক্ত হয়ে ওর পরে উদ্মির শ্রদ্ধাকে সন্ত্রমের সীমায় এনে টেনেছিল।

রাজারাম যথন স্পৃষ্ঠ করেই বল্লেন, যে, যদি মেয়ের মনে কোনো দিধানা থাকে তবে নীরদের সঙ্গে তার বিবাহ হলে তিনি খুসি হবেন তথন মেয়ে অমুকৃল ইন্ধিতেই মাথাটা নাড়লে। কেবল সেই সঙ্গে জানালে, এ দেশের এবং বিলেতের শিক্ষার পালা সমাধা করে বিবাহ তার পরিণামে। বাবা বল্লেন, "সেই কথাই ভালো, কিন্তু পরস্পরের সম্মতি-জ্বামে সম্বন্ধ পাক। হয়ে গেলে আর কোনো ভাবনা থাকে না।"

নীরদের সম্মতি পেতে দেরি হয়নি, যদিও তার ভাবে প্রকাশ পেল, উদ্বাহ্যস্কন বৈজ্ঞানিকের পক্ষে ত্যাগস্থীকার, প্রায় আত্মঘাতের কাছাকাছি। বোধ করি, এই ছুর্য্যোগ কথঞ্চিৎ উপশ্যের উপায় স্বরূপে সর্ত্ত রইল যে পড়াশুনো এবং সকল বিষয়েই নীরদ উর্দ্মিকে পরিচালনা করবে, অর্থাৎ ভাবী পত্মীরূপে ওকে ধীরে ধীরে নিজের হাতে গড়ে তুল্বে। সেটাও হবে বৈজ্ঞানিকভাবে, দৃঢ়নিয়ন্ত্রিত নিয়মে, ল্যাব্রেটরির অ্লাস্ত প্রক্রিয়ার মতো।

নীরদ উর্দ্মিকে বল্লে "পশুপক্ষীরা প্রকৃতির কারখানা থেকে বেরিয়েচে তৈরি জিনিষ। কিন্তু মানুষ কাঁচা মাল-মস্লা। স্বয়ং মানুষের উপর ভার তাকে গড়ে তোলা।"

উর্দ্মি নমভাবে বল্লে, "আচ্ছা পরীক্ষা করুন। বাধা পাবেন না।" নীরদ বল্লে, "তোমার মধ্যে শক্তি নানাবিধ আছে। তাদের বেঁধে তুল্তে হবে তোমার জীবনের একটি-মাত্র লক্ষ্যের চারিদিকে। তাহলেই তোমার জীবন অর্থ পাবে। বিক্ষিপ্তকে সংক্ষিপ্ত করতে হবে একটা অভিপ্রায়ের টানে, আঁট হয়ে উঠ্বে, ডাইনামিক্ হবে, তবেই সেই একছকে বলা খেতে পারবে মরাল্ অর্গানিজম্।"

উদ্মি পুলকিত হয়ে ভাবলে, অনেক যুবক ওদের চায়ের

টেবিলে, ওদের টেনিস কোর্টে এসেচে, কিন্তু ভাববার যোগ্য কথা তারা কখনো বলে না, আর-কেউ বল্লে হাই তোলে। বস্তুত নিরতিশয় গভীরভাবে কথা বলবার একটা ধরণ আছে নীরদের। সে যাই বলুক উদ্মির মনে হয় এর মধ্যে একটা আশ্চর্য্য তাৎপর্য্য আছে। অত্যন্ত বেশি ইন্টেলেকচুয়াল।

রাজারাম ওঁর বড়ো জামীইকেও ডাকলেন। মাঝে মাঝে নিমন্ত্রণ উপলক্ষ্যে চেষ্টা কর্লেন পরস্পারকে ভালো করে আলাপ করিয়ে দেবার। শশাস্ক শশ্মিলাকে বলে, "ছেলেটা অসহা জ্যাঠা, ও মনে করে আমরা সবাই ওর ছাত্র, তাও পড়ে আছি শেষ বেঞ্চির শেষ কোণে।"

শব্দিলা হেসে বলে, "ওটা তোমার জেলাসি। কেন, আমার তো ওকে বেশ লাগে।"

শশাক্ষ বলে, "ছোটো বোনের সঙ্গে ঠাঁই বদল করলে কেমন হয় ?" শশ্মিলা বলে, "তাহলে তুমি হয়তো হাঁপ ছেডে বাঁচো, আমার কথা আলাদা।"

শশাল্কের প্রতি নীরদেরও যে প্রাতৃভাব বেড়ে উঠ্চে তা মনে হয় না। মনে মনে বলে "ওতো মজুর, ওকি বৈজ্ঞানিক। হাত আছে মাথাটা কই ?"

শশান্ধ নীরদকে নিয়ে তার শ্রালীকে প্রায় ঠাট্টা করে। বলে, "এবার পুরোনো নাম বদলাবার দিন এলো।"

"ইংরেজি মতে ?"

"না বিশুদ্ধ সংস্কৃত মতে।"

"নতুন নামটা ভূনি।"

"বিত্যুৎলতা। নীরদের পছন্দ হবে। ল্যাবরেটরিতে এ পদার্থটার সঙ্গে পরিচয় আছে এবার ঘরে পড়বে বাঁধা।"

মনে মনে বলে, "সত্যি ঐ নামটাই এ'কে ঠিক মানায় বটে।" ভিতরে ভিতরে একটা থোঁচা লাগে। "হায়রে, এত বড়ো প্রিগ্টার হাতে পড়বেঁ এমন মেয়ে!"—কার হাতে পড়লে যে শশাঙ্কের ক্লচিতে ঠিক সম্ভোষজনক এবং সান্ত্রনা-জনক হতে পারত বলা শক্ত।

অল্পদিনের মধ্যে রাজারামের মৃত্যু হোলো। উর্দ্মির ভাবী স্বত্বাধিকারী নীরদনাথ একাগ্র মনে তার পরিণতি সাধনের ভার নিলে।

উর্ন্মিনালা যতটা দেখতে ভালো তার চেয়েও তাকে দেখায় ভালো। তার চঞ্চল দেহে মনের উজ্জ্বতা ঝল্মল করে বেড়ায়। সকল বিষয়েই তার ঔৎস্কা। সায়ালো যেমন তার মন, সাহিত্যে তার চেয়ে বেশি বই কম নয়। ময়দানে ফুটবল দেখতে যেতে তার অসীম আগ্রহ, সিনেমা দেখাটাকে সে অবজ্ঞা করে না। প্রেসিডেন্সি কলেজে বিদেশ থেকে এসেচে ফিজিক্সের ব্যাখ্যাকর্ত্তা, সে সভাতেও সে উপস্থিত। রেডিয়োতে কান পাতে, হয়তো বলে, ছ্যাঃ, কিন্তু কৌত্হলও যথেষ্ট। বিয়ে করতে রাস্তা দিয়ে বর চলেচে বাজনা বাজিয়ে, ও ছুটে আসে বারান্দায়।

জুওলজিকালে বারে বারে বেড়িয়ে আসে, ভারি আমোদ লাগে, বিশেষত বাঁদরদের খাঁচার সামনে দাঁড়িয়ে। বাবা যখন মাছ ধরতে যেতেন ছিপ নিয়ে ও তাঁর পাশে গিয়ে বসত। টেনিস খেলে, ব্যাডমিণ্টন খেলায় ওস্তাদ। এসব দাদার কাছে শিক্ষা। তন্ত্রী সে সঞ্চারিণীলতার মতো, একটু হাওয়াতেই ছলে ওঠে। সাজসজ্জা সহজ এব পরিপাটি। জানে কেমন করে সাড়িটাতে এখানে ওখানে অল্প একটুখানি টেনেটুনে ঘুরিয়ে ফিরিয়ে ঢিল দিয়ে আঁট করে অঙ্গশেভা রচনা করতে হয়, অথচ তার রহস্তভেদ করা যায় না। গান ভালো গাইতে জানে না কিন্তু সেতার বাজায়। সেই সঙ্গীত দেখবার না শোনবার কে জানে। মনে হয় ওর ছরস্ত আঙুলগুলি কোলাহল করচে বিথা কবার বিষয়ের অভাব ঘটে না কখনো, হাসবার জন্মে সঙ্গত কারণের অপেকা করতে হয় না। সঙ্গ দান করবার অজস্র ক্ষমতা, যেখানে থাকে সেখানকার ফাঁক ও একুলা ভরিয়ে রাখে। কেবল নীরদের কাছে ও হয়ে যায় আর-এক মানুষ, পালের নৌকোর হাওয়া যায় বন্ধ হয়ে, গুণের টানে চলে নঅমন্থর গমনে।

সবাই বলে উদ্মির স্বভাব ওর ভাইয়েরই মতো প্রাণপরিপূর্ণ। উদ্মি জানে ওর ভাই ওর মনকে মুক্তি দিয়েচে। হেমস্ত বলত, আমাদের ঘরগুলো এক একটা ছাঁচ, মাটির মানুষ গড়বার জন্মেই। তাইতো এতকাল ধরে বিদেশী বাজিকর এত সহজে তেত্রিশকোটি পুতৃলকে নাচিয়ে বেড়িয়েচে। সে বলত, "আমার যখন সময় আসবে, তখন এই সামাজিক পৌতলিকতা ভাঙবার জভ্যে কালাপাহাড়ি করতে বেরোবো।" সময় হোলো না, কিন্তু উর্দ্মির মনকে খুবই সজীব করে রেখে দিয়ে গেছে।

মুস্কিল কোল এই নিয়ে। নীরদের কার্য্যপ্রণালী অত্যস্ত বিধিবদ্ধ। উদ্মির জন্মে পাঠ্য পর্য্যায়ের বাঁধা নিয়ম করে দিলে। ওকে উপদেশ দিয়ে বল্লে, "দেখো উদ্মি, মনটাকে পথে চল্তে চল্তে কেবলি চল্কিয়ে ফেলো না, পথের শেষে যথন পৌছবে তখন ঘড়াটাতে বাকি থাকবে কী ?"

বলত "তুমি প্রজাপতির মতো, চঞ্চল হয়ে ঘুরে বেড়াও, কিছুই সংগ্রহ করে আনো না। <sup>\*</sup>হতে হবে মৌমাছির মতো। প্রত্যেক মুহূর্ত্তের হিসেব আছে। জীবনটা তো বিলাসিত। নয়।"

নীরদ সম্প্রতি ইম্পীরিয়াল লাইবেরি থেকে শিক্ষাতত্ত্বর বই আনিয়ে পড়তে আরম্ভ করেচে, তাতে এই রকম সব কথা আছে। ওর ভাষাটা বইয়ের ভাষা, কেননা, ওর নিজের সহজ ভাষা নেই। উর্মির সন্দেহ রইল না যে সে অপরাধী। মহৎ ব্রত তার, অথচ তার থেকে কথায় কথায় মন আশে-পাশে চলে যায়, নিজেকে কেবলি লাঞ্ছিত করে। সামনেই দৃষ্টাস্ত রয়েচে নীরদের; কা আশ্চর্য্য দৃঢ়তা, কা একাগ্র লক্ষ্য, সকল প্রকার আমোদ আহলাদের প্রতি কা কঠোর বিক্লন্ধতা।

উর্মির টেবিলে গল্প কিম্বা হান্ধা সাহিত্যের কোনো বই যদি দেখে তবে তথনি সেটা বাজেয়াপ্ত করে দেয়। একদিনঃ বিকেল বেলায় উর্মির তদারক করতে এসে শুন্লে সে গেছেইংরেজি নাট্যশালায় সালিভ্যানের মিকাডো অপেরারঃ বৈকালিক অভিনয় দেখবার জন্মে। তার দাদা থাকতে এরকম স্থযোগ প্রায়্থ বাদ যেতো না। সেদিন নীরদ তাকে যথোচিত তিরস্কার করেছিল। অত্যন্ত গন্তীরস্থরে ইংরেজিঃ ভাষায় বলেছিল, "দেখো, তোমার দাদার মৃত্যুকে সমস্ত জীবন দিয়ে সার্থক করবার ভার নিয়েচ তৃমি। এরি মধ্যে কি তা ভুলতে আরম্ভ করেচ ?"

শুনে উদ্মির অত্যন্ত পরিতাপ লাগল। ভাবলে, "এ মার্যটার কী অসাধারণ অন্ত দৃষ্টি! শোক-স্থৃতির প্রবল্গতা সতাই তো কমে আস্চে—আমি নিজে তা বুঝতে পারি নি । ধিক্, এত চাপল্য আমার চরিত্রে!" সতর্ক হতে লাগল, কাপড় চোপড় থেকে শোভার আভাস পর্যান্ত দূর করলে। শাড়িটা হোলো মোটা, তার রগুসব গেল ঘুচে। দেরাজের মধ্যে জমা থাকা সত্ত্বেও চকোলেট খাওয়ার লোভটাকে দিলে, ছেড়ে। অবাধ্য মনটাকে খুব কষে বাধতে লাগল সহীর্ণ গঞ্জিতে, শুক কর্ত্তব্যের খোঁটায়। দিদি তিরস্কার করে, শশাক্ষ নীরদের উদ্দেশে যে সব প্রথর বিশেষণ বর্ষণ করে. সেগুলোর ভাষা অভিধানবহিত্তি উগ্র পরদেশীয়, একটুও স্থাব্য নয়।

একটা জায়গায় নীরদের সঙ্গে শশান্তের মেলে।
শশান্তের গাল দেবার আবেগ যখন তীত্র হয়ে ওঠে
তখন তার ভাষাটা হয় ইংরেজি, নীরদের যখন উপদেশের বিষয়টা হয় অত্যন্ত উচ্চশ্রেণীর ইংরেজিই হয় তার
বাহন। নীরদের সবচেয়ে খারাপ লাগে যখন নিমন্ত্রণ
আমন্ত্রণে উদ্মি তার দিদির ওখানে যায়। শুধু যায় তা নয়,
যাবার ভারি আগ্রহ। ওদের সঙ্গে উদ্মির যে আখীয় সম্বন্ধ
সেটা নীরদের সম্বন্ধকে খণ্ডিত করে।

নীরদ মুখ গন্তীর করে একদিন উর্দ্মিকে বল্লে, "দেখ উর্দ্মি, কিছু মনে কোরো না। কী করব বলো, ভোমার সম্বন্ধে আমার দায়িত্ব আছে তাই কর্ত্তব্য বোধে অপ্রিয় কথা বল্তে হয়। আমি তোমাকে সতর্ক করে দিচিচ, শশান্ধ-বাব্দের সঙ্গে সর্বাদা মেলামেশা ভোমার চরিত্র গঠনের পক্ষে অস্বাস্থ্যকর। আত্মীয়তার মোহে তুমি অন্ধ, আমি কিন্তু তুর্গতির সন্ধাবনা সমস্ভটা স্পষ্ট দেখতে পাচিচ।"

উর্দ্ধির চরিত্র বল্লে ধ্য-পদার্থটা বোঝায় অন্তত তার প্রথম বন্ধকী দলিল নীরদেরই সিন্ধুকে, সেই চরিত্রের কোথাও কিছু হেরকের হলে লোকসান নীরদেরই। নিষেধের ফলে ভবানীপুর অঞ্চলে উর্দ্ধির গতিবিধি আজকাল নানাপ্রকার ছুতোয় বিরল হয়ে এসেচে। উর্দ্ধির এই আত্মশাসন মস্ত একটা ঋণ-শোধের মতো। ওর জীবনের দায়িত্ব নিয়ে নীরদ যে চিরদিনের মতো। নিজের সাধনাকে ভারাক্রান্ত করেচে, বিজ্ঞান-তপদীর পক্ষে ভার চেয়ে আস্থ-অপবার আর কী হতে পারে।

নানা আকর্ষণ থেকে মনকে প্রতিসংহার কর্মবার ছঃখটা উর্শ্বির একরকম করে সয়ে আসচে। তবুও থেকে থেকে একটা বেদনা মনে হুর্বার হয়ে ওঠে, সেটাকে টঞ্জলতা বলে সম্পূর্ণ চাশা দিতে পারে না। নীরদ ওকে কেবল চালনাই করে কিন্তু এক শুইর্তের জ্বান্ত ওর সাধনা করে না কেন ? এই সাধনার জন্মে ওর মন অপৈক্ষা করে থাকে,—এই সাধনার অভাবেই ওর হৃদয়ের মাধুর্য্য পূর্ণ বিকার্শের দিকে পৌছয় না, ওর সকল কর্ত্তব্য নিজ্জীব নীরস হয়ে পড়ে। এক-এক্দিন ইঠাৎ মনে হয় যেন মীরদের চোখে একটা আবেশ এসেচে. যেন দেরি নেই, প্রাণের গভীরতম রহস্ত এখনি ধরা পভবে। কিন্তু অন্তর্য্যামী জানেন, সেই গভীরের বেদনা যদি বা কোথাও থাকে তার ভাষা নীরদের জানা নেই। বলতে পারে না বলেই বলবার ইচ্ছাকে সে দোর দেয়। বি**চ**লিভ চিত্তকে মৃক রেথেই সে যে চলে আসে এটাকে সৈ আপন শক্তির পরিচয় বলে মনে গর্ষ্ব করে। বলে সেন্টিমেন্টালিটি করা আমার কর্মা নয়। উর্মির সেদিন কাঁদতে ইচ্ছা করে, কিন্তু এমনি তার দশা যে সেও ভক্তিভরে মনে করে এ'কেই বর্টো বীরছ। নিজের তুর্বল মনকে তথম নিষ্ঠুর ভাবে নির্য্যাতন कथा अत्र कार्ष्ट ज्लाष्ट्रे रात्र अर्फ त्य, अकिमन अर्वन मार्कत

মুখে যে কঠিন কর্ত্তব্য নিজের ইচ্ছায় সে প্রহণ করেছিল, কালক্রেমে নিজের সেই ইচ্ছা তুর্বল হয়ে আসাতে অন্থের ইচ্ছাকেই আঁকডে ধরেচে।

নীরদ ওকে স্পষ্ট করেই বলে, "দেখো উর্দ্মি, সাধারণ মেয়েরা পুরুষদের কাছ থেকে যে সব স্তবস্তুতি প্রত্যাশা করে আমার কাছে তা পাবার সম্ভাবনা নেই এ কথা জেনে রেখো। আমি তোমাকে যা দেবো তা এই সব বানানো কথার চেয়ে সত্য, চের বেশি মূল্যবান।"

উশ্মি মাথা হেঁট করে চুপ করে থাকে। মনে মনে বলে, এঁর কাছে কি কোনো কথাই লুকোনো থাকবে না ?

কিছুতে মন বাঁধতে পারে না। ছাদের উপর একলা বেড়াতে যায়। অপরাত্নের আলো ধৃসর হয়ে আসে। সহরের উচু নীচু নানা আকারের বাড়ির চূড়া পেরিয়ে সূর্য্য অন্ত যায় দূর গঙ্গার ঘাটে জাহাজগুলোর মাস্তলের পরপ্রান্তে। নানারঙের লম্বা লম্বা মেঘের রেখা বেড়া তুলে দেয় দিনেব প্রান্ত-সীমানায়। ক্রমে বেড়া যায় লুপ্ত হয়ে। চাঁদ উঠে আসে গির্জের শিখরের উর্দ্ধে; অনতিক্ষৃট আলোতে সহর হয়ে আসে স্বপ্নের মতো, যেন অলোকিক মায়াপুরী। মনে প্রশা ওঠে, সত্যই কি জীবনটা এত অবিচলিত কঠিন। আর সে কি এত ক্বপণ। সে না দেবে ছুটি, না দেবে রঙ্গা। হঠাৎ মনটা ক্ষেপে ওঠে, ইচ্ছে করে অত্যন্ত একটা ছুটু, মি করতে, টেচিয়ে বল্তে, আমি কিছু মানিনে।

## উন্মিমালা

নীরদ রিসর্চ্চের যে কাজ নিয়েছিল সেটা সমাপ্ত হোলো।

য়ুরোপের কোনো বৈজ্ঞানিক সমাজে লেখাটা পাঠিয়ে দিলে।

তারা প্রশংসা করলে, তার সঙ্গে সক্তে একটা স্কলারশিপ
জুট্লো,—স্থির করলে সেখানকার বিশ্ববিভালয়ে ডিগ্রি নেবার
জন্তে সমুক্তে পাড়ি দেবে।

বিদায় নেবার সময় কোনো করুণ আলাপ হোলো না। কেবল এই কথাটাই বার বার করে বল্লে, যে, "আমি চলে যাচিচ, এখন তোমার কর্ত্তব্য সাধনে শৈথিল্য করবে এই আমার আশক্ষা।" উর্দ্মি বল্লে, "কোনো ভয় করবেন না।" নীরদ বল্লে,—"কী রকম ভাবে চল্তে হবে, পড়াশুনো করতে হবে ভার একটা বিস্তারিত নোট দিয়ে যাচিচ।"

উশ্মি বল্লে, "আমি ঠিক সেই অনুসারেই চল্বো।"

"তোমার ঐ আলমারির বইগুলি কিন্তু আমি আমার বাসায় নিয়ে গিয়ে বন্ধ করে রাখতে চাই।"

"নিয়ে যান" বলে উর্ম্মি চাবি দিল তার হাতে। সেতারটার দিকে একবার নীরদের চোখ পড়েছিল। দ্বিধা করে থেমে গেল।

অবশেষে নিতান্তই কর্তব্যের অমুরোধে নীরদকে বল্তে হোলো, "আমার কেবল একটা ভয় আছে, শশাঙ্কবাবুদের ওখানে আবার যদি ভোমার যাতায়াত ঘন ঘন হতে থাকে ভাহলে ভোমার নিষ্ঠা যাবে তুর্বল হয়ে, কোনো সন্দেহ নেই। মনে কোরো না, আমি শশাহ্বাবৃকে নিন্দা করি। উমি থ্বই ভালো লোক। ব্যবসায়ে ও-রকম উৎসাহ ও-রকম বৃদ্ধি কম বাঙালীর মধ্যেই দেখেচি। ওঁর একমাত্র দোষ এই যে, উনি কোনো আইডিয়ালকেই মানেন না। সভ্যি বলচি ওঁর জন্মে অনেক সময়ই আমার ভয় হয়।"

এর থেকে শশাঙ্কের অনেক দোবের কথাই উঠ্ল এবং যে সব দোব আজ ঢাকা পড়ে আছে সেগুলো বয়সের সঙ্গে একে একল আকারে প্রকাশ হয়ে পড়বে এই অত্যন্ত শোচনীয় হর্ভাবনার কথা নীরদ চেপে রাবতে পারল না। কিন্তু তা হোক্, তবু উনি যে খুব ভালো লোক সে কথা ও মুক্তকঠে স্বীকার করতে চায়। সেই সঙ্গে এ কথাও বলতে চায় ওর সঙ্গদোষ থেকে ওদের বাড়ির আবহাওয়া থেকে নিজেকে বাঁচানো উন্মির পক্ষে বিশেষ দরকার। উন্মির মন ওদের সমভ্মিতে বদি নেবে যায় সেটা হবে অধংপতন।

**উর্দ্মি বল্লে,** "আপনি কেন এত বেশি উদ্বিগ্ন হচ্চেন ?" "কেন হচ্চি শুন্বে ? রাগ করবে না ?"

"সত্য কথা শোনবার শক্তি আপনার কাছ থেকেই পেয়েচি। জানি সহজ নয় তবু•সহা করতে পারি।"

"তবে বলি শোনো। তোমার স্বভাবের সক্ষে শশান্ধ-বাবুর স্বভাবের একটা মিল আছে এ আমি লক্ষ্য করে দেখেচি। তাঁর মনটা একেবারে হাঁতা। সেইটেই তোমাকে ভালো লাগে, ঠিক কিনা বল।"

উর্দি ভাবে, লোকটা সর্বজ্ঞ না কি ? ভশ্নীপতিকে ওর খুব ভালো লাগে সন্দেহ নেই। তার প্রধান কারণ, শশাস্ক হো হো করে হাসতে পারে, উৎপাত করতে জানে, ঠাট্টা করে। আর ঠিকটি জানে উর্দ্দি কোন্ ফুল ভালোবাসে আর কোন্রঙের সাড়ি।

উর্দ্মি বল্লে, "হাঁ, আমার ভালো লাগে, সে কথা সভিয়।"
নীরদ বল্লে, "শর্মিলাদিদির ভালোবাসা স্লিগ্ধগন্তীর, তাঁর
সেবা যেন একটা পুণ্যকর্ম, কখনো কর্ত্তব্য থেকে ছুটি নেন
না। তারি প্রভাবে শশাহ্রবার্ এক-মনে কাজ করতে
শিখেচেন। কিন্তু যেদিন তুমি ভবানীপুরে যাও সেইদিনই
ওঁর যেন মুখোষ খনে পড়ে, ভোমার সঙ্গে ঝুটোপুটি বেধে
যায়, চুলের কাঁটা তুলে নিমে খোঁপা এলিয়ে দেন, হাতে
ভোমার পড়বার বই দেখলে আলমারির মাধার উপর রাশেন
তুলে। টেনিস খেলবার সথ হঠাৎ প্রবল হয়ে প্রঠে, হাজে
কাজ থাকলেও।"

উদ্দিকে মনে মনে মানতেই হোলো যে শশাস্কলা এই

কম দৌরাত্ম্য করেন বলেই তাঁকে ওর এত ভালো লাগে।

ওব নিজের ছেলেমাফুষি তাঁর কাছে এলে তেউ খেলিয়ে

ওঠে। সেও তাঁর পরে কম অত্যাচার করে না। দিদি

ওদের ছজনের এই ত্বরস্থানা দেখে তাঁর শাস্ক স্থিক হাদি

হাসেন। কখনো বা মৃত্ তিরস্কারও করেন কিন্তু সেটা তিরস্কার্যের ভান।

নীরদ উপসংহারে বল্লে, "যেখানে তোমার নিজের ফভাব প্রশ্রম না পায় সেখানেই তোমার থাকা চাই। আমি কাছে থাকলে ভাবনা থাকতনা, কেননা আমার স্বভাব একেবারে তোমার বিপরীত। তোমার মন রক্ষে করতে গিয়ে তোমার মনকে মাটি করা এ আমার দারা কখনোই হতে পারতনা।"

উর্দ্ধি মাথা নীচু করে বল্লে, "আপনার কথা আমি সর্ব্বদাই স্মরণ রাখব।"

নীরদ বল্লে, "আমি কতকগুলো বই তোমার জন্মে রেখে যাচিচ। তার যে সব চ্যাপ্টারে দাগ দিয়েচি সেইগুলো বিশেষ করে পোডো, এর পরে কাজে লাগবে।"

উর্দাির পক্ষে এই সাহায্যের দরকার ছিল। কেননা ইদানীং মাঝে মাঝে তার মনে কেবলি সন্দেহ আসছিল, ভাবছিল হয়তো প্রথম উৎসাহের মুখে ভূল করেচি। হয়তো ডাক্তারি আমার ধাতের সঙ্গে মিলবে না।

নীরদের দাগ দেওয়া বইগুলো ওর পক্ষে শক্ত বাঁধনের কাব্ধ করবে, ওকে টেনে নিয়ে চলতে পারবে উন্ধান পথে।

নীরদ চলে গেলে উর্দ্ধি নিজের প্রতি আরো কঠিন অত্যা-চার করলে স্থক। কলেজে যায়, আর বাকি সময় নিজেকে যেন একেবারে জেনেনার মধ্যে বদ্ধ করে রাখে। সারাদিন পরে বাড়ি ফিরে এসে যতই তার প্রাস্ত মন ছুটি পেতে চার ভতই সে নিষ্ঠুরভাবে তাকে অধ্যয়নের শিকল জড়িয়ে আটকে রাখে। পড়া এগোয় না, একই পাতার উপর বার বার করে মন বৃথা ঘুরে বেড়ায় তবু হার মানতে চায় না। নীরদ উপ-স্থিত নেই বলেই তার দ্রবর্তী ইচ্ছাশক্তি ওর প্রতি অধিক করে কাজ করতে লাগল।

নিজের উপর সব চেয়ে ধিক্কার হয় যখন কাজ করতে করতে আগেকার দিনের কথা কেবলি ফিরে ফিরে মনে আসে। যুবকদলের মধ্যে ওর ভক্ত ছিল অনেক। সেদিন তাদের কাউকে বা উপেক্ষা করেচে, কারো প্রতি ওর মনের টানও হয়েছিল। ভালোবাসা পরিণত হয়নি কিন্তু ভালোবাসার ইচ্ছেটাই তখন মৃত্যুন্দ বসস্তের হাওয়ার মতো মনের মধ্যে যুরে বেড়াত। তাই আপন মনে গান গাইত গুনু করে, পছন্দসই কবিতা কপি করে রাখত খাতায়। মন অত্যন্ত উতলা হলে বাজাত সেতার। আজকাল এক একদিন সন্ধ্যোবলায় বইয়ের পাতায় যখন চোখ আছে তখন হঠাৎ চমকে উঠে জানতে পারে যে, তার মনে ঘুরচে এমন কোনোদিনের এমন কোনো মাহুষের ছবি যে-দিনকে যে-মাহুষকে পুর্বে সেকখনই বিশেষভাবে আমল দেয়নি। এমন কি, সে মাহুষের অবিশ্রাম আগ্রহে সেদিন তাকে বিরক্ত করেছিল। আজ

বেছনাকে স্পর্শ করে করে মাচে। প্রজাপতির ক্ষণিক হাস্কা ভানা ফুলকে মেমন বসংস্কর স্পর্শ দিয়ে মাম।

এ সৰ চিস্তাকে মত বেপ্নে সে মন থেকে দুর করতে চায় সেই বেপের প্রতিঘাতই চিস্তাগুলিকে ততই ওর মনে ঘুরিয়ে নিয়ে আমে। নীরদের একখানা ফোটোগ্রাফ রেখেচে ডেক্সের উপর। তার দিকে একদৃষ্টে তাকিয়ে থাকে। দে মুখে বৃদ্ধির দীপ্তি আছে, আগ্রহের চিচ্চ নেই। সে ওকে ডাকে না, তবে ওর প্রাণ সাড়া দেবে কাকে। মনে মনে কেবলি জপ করে, কী প্রতিভা, কী তপস্থা, কী নির্মাল চরিত্র, কী আমার অভাবনীয় সৌভাগ্য।

একটা বিষয়ে নীরদের জিত হয়েচে সে কথাটাও বলা দরকার। নীরদের সঙ্গে উর্মির বিবাহের সন্থক্ষ হলে শশাক্ষ এবং সন্ধিমনা আরো দশজন বিজ্ঞপ করে হেসেছিল। বলেছিল, রাজারামবাবু সাদা লোক, ঠাউরে বসেচেন নীরদ আইডিয়ালিস্ট । ওর আইডিয়ালিজ্য যে গোপনে ডিম পাড়চে উর্মির টাকার থলির মধ্যে, এ কথাটা কি লম্বা লম্বা মাধ্বাক্য দিয়ে ঢাকা যায়। আপনাকে স্থাক্রিফাইস্ করেচে বই কি, কিন্তু যে-দেবতার কাছে, তার মন্দিরটা ইস্পীরিয়াল ব্যান্ধে। আমরা রোজান্থজি শশুরকে জানিয়ে থাকি, টাকার দরকার আছে, আর সে টাকা জলে পড়বে না, ভারই মেয়ের ষেবায় লাগবে। ইনি মহৎ লোক, বলেন মহৎ উদ্দেশ্যের শান্তিরেই বিয়ে করন্তবন। তারপরে সেই

উদ্দেশ্যটাকে দিনে দিনে জর্জনা করবেন খণ্ডবের চেক্-ক্রীরের খাতায়।

নীরদ জ্বানত এই রকম কথাবার্ত্ত। অপরিহার্ত্ত্য । টুর্লিকে
বললে, আমার বিশ্বে করার একটা সর্ত্ত আছে; তোমার
টাকা থেকে এক পয়সা নের না, নিজের উপার্জন আমার
একমাত্র অবলম্বন হবে । শ্বন্তর ওকে মুরোপে পাঠাবার
প্রস্তাব করেছিলেন, ও কিছুতেই রাজি হোলো না । সেজভে
জনেকদিন অপেক্ষা করতেও হোলো । রাজারামবাবৃকে
জানিয়েছিল, হাঁষপাতাল প্রতিষ্ঠার উপলক্ষ্যে যত টাকা দিজে
চান সমস্তই দেবেন আপনার মেয়ের নামে । আমি যখন সেই
হাঁসপাতালের ভার নেব তার থেকে কোনো রুত্তি নেব না ।
আমি ডাক্তার, জীবিকার জন্যে আমার ভাবনা নেই ।

এই একান্ত নিস্পৃহতা দেখে ওর পরে রাজারামের ভক্তি দৃচ হোলো, অরে উদ্মি খুব গর্ব্ব অফুভব করলে। এই গর্বের আয় কারণ ঘটাতেই শন্মিলার মন নীরদের পরে একেবারে বিরূপ হয়ে গেল। বল্লে, "ঈস্, দেখব দেমাক কডদিন টে কৈ!" তারপর থেকে নীরদ যখন অভ্যাসমতো অভ্যন্ত গভীরভাবে কথা কইত শন্মিলা আলাপের মাঝখানে হঠাৎ উঠে ঘাড় বাঁকিয়ে ঘর থেকে বেরিয়ে চলে যেত। কিছুদ্র পর্যান্ত শোনা যেত তার পায়ের শব্দ। উন্মির খাভিরে কিছু বল্ত না কিছু ভার না-বলার ব্যঞ্জনা যথেষ্ট ভেজোত্তপ্ত ছিল।

প্রথম প্রথম নীরদ প্রতি মেলে চিঠিপত্রে চারপাঁচ পাতা ধরে বিস্তারিত উপদেশ দিয়ে এসেচে। কিছুদিন পরে চমক লাগিয়ে দিলে টেলিগ্রাম। বড়ো অঙ্কের টাকার জক্ষরী দাবী, অধ্যয়নের প্রয়োজনে। যে গর্ব্ব এতদিন উর্শ্বির প্রধান সম্বল ছিল তাতে যথেষ্ট ঘা লাগ্ল হটে কিন্তু মনে একটু সান্ধনাও পেলে। যতদিন যায়, এবং নীরদের অনুপ্রিতি দীর্ঘ হয়ে ওঠে, ততই উর্শ্বির পূর্ব্ব স্বভাবটা কর্তব্যের বেড়ার মধ্যে ফাঁক খুঁজে বেড়ায়। নিজেকে নানাছলে কাঁকিও দেয় অনুতাপও করে। এই রকম আত্মগ্রানির সময় নীরদকে অর্থসাহায্য ওর পরিতপ্ত মনের সান্থনাজনক।

উর্ণ্মি টেলিপ্রামটা ম্যানেজারের হাতে দিয়ে সসক্ষোচে বলে, "কাকাবাবু, টাকাটা—"

ম্যানেজারবার বলেন, "ধাধা লাগচে। আমরা তো জানতুম টাকাটা ওপক্ষে অস্পৃশ্য ছিল।" ম্যানেজার নীরদকে পছন্দ করতেন না।

উর্ন্মি বলে, "কিন্তু বিদেশে—"কথাটা শেষ করে না।

কাকাবাবু বলেন, "এদেশের স্বভাব বিদেশের মাটিতে বদ্লে যেতে পারে সে জানি—কিন্তু আমরা তার সঙ্গে তাল রাধ্ব কী করে ?"

উর্শ্বি বলে, "টাকাটা না পেলে হয়তো বিপদে পড়তে পারেন।" "আচ্ছা বেশ, পাঠাচিচ মা, তুমি বেশি ভেবো না। বলে রাখচি এই স্থক্ক হোলো কিন্তু এই শেষ নয়।"

শেষ যে নয় অনতিকাল পরেই আরে। বড়ো অঙ্কে তার প্রমাণ হোলো। এবার প্রয়োজন স্বাস্থ্যের। ম্যানেজার গম্ভীরমুখে বল্লেন "শশাস্কবাবুর সঙ্গে পরামর্শ করা ভালো।"

উার্ম্ম শশব্যস্ত হয়ে বল্লে, "আর যাই করে। দিদিরা এ-খবরটা যেন না পান।"

"একলা এই দায়িত্ব নিতে ভালো লাগচে না।"

"একদিন তো টাকা তাঁর হাতেই পড়বে।" "পড়বার আগে দেখতে হবে যেন জলে না পড়ে।"

"কিন্তু ওঁর স্বাস্থ্যের কথাতো ভাবতে হবে।"

"সম্বাস্থ্য নানা জাতের আছে, এটা ঠিক কোন্ জাতের বুঝে উঠতে পারচিনে। এখানে ফিরে এলে হয়তো হাওয়ার বদলে মুস্থ হতে পারেন। ফিরতি প্যামেজের ব্যবস্থা করে পাঠানো যাক।"

ফেরবার প্রস্তাবে উর্দ্ধি এত যে বেশি বিচলিত হয়ে উঠল ও নিজে ভাবলে তার কারণ পাছে নীরদের উচ্চ উদ্দেশ্ত মাঝখানে বাধা পায়।

কাকা বল্লেন, "এবারকার মতো টাকা পাঠাচিচ কিন্তু মনে হচ্চে এতে ডাক্তারবাবুর স্বাস্থ্য আরো বিগড়ে বাবে।" রাধাগোবিন্দ উর্ম্মির অনতিদ্র সম্পর্কের আত্মীয়। কাকার কথাটার ইক্ষিত ওকে বাজ্ল। সন্দেহ এল মনে। ভাবতে লাগ্ল, "দিদিকে হয়তো বল্ডে হবে।" এদিকে নিজেকে ধাকা দিয়ে বার বার প্রশ্ন করচে "যথোচিত ছংখ হচে না কেন !"

এই সময়ে শর্মিলার রোগটা নিয়ে ভাবনা ধরিয়ে দিয়েচে।
ভাইয়ের কথা মনে পড়িয়ে ভয় লাগিয়ে দেয়। নানা ডাব্জার
লাগ্ল নানাদিক থেকে ব্যাধির আবাস-গুরুটা খুঁজে বের
করতে। শর্মিলা ক্লান্ত হাসি হেসে বল্লে "সি, আই, ডি-দের
হাতে অপরাধী যাবে কসকে, খোঁচা খেয়ে মরবে নিরপরাধ।"

শশান্ধ চিস্তিতমুখে বল্লে, "দেহটার খানাতল্লাসি চলুক শাস্ত্রমতেই, কিন্তু খোঁচাটা কিছুতেই নয়।"

এই সময়টাতেই শশাস্কর হাতে ছটো ভারী কাজ এসেছিল। একটা গঙ্গারধারে পাটকলে, আর একটা টালিগঞ্জের দিকে, মীরপুরের জমিদারদেব নতুন বাগানবাড়িতে।
পাটকলের কুলিবস্থির কাজটা শেষ করে দেবার মেয়াদ ছিল ভিনমাসের। গোটাকতক টিউবওয়েলেরও কাজ ছিল নানা জায়গায়। শশাস্কর একটুও ফুরমুৎ ছিল না। শর্মিলার ব্যামোটা নিয়ে প্রায় তাকে মাটকা পড়তে হয় অথচ উৎকণ্ঠা থাকে কাজের জন্তে।

এজদিন ওদের বিবাহ হয়েচে কিন্তু এমন কোনো ব্যামো শর্মিলার হয়নি যা নিয়ে শশাঙ্ককে কখনো বিশেষ করে ভাৰতে হয়েচে। ভাই এবারকার এই রোগটার উদ্ভেগে ছেলেমাসুষের মতো ছটফট করচে ওর মন। কাজ কামাই করে ঘুরে কিরে বিছানার কাছে মিরুপারভাবে এসে বঁসৈ।
মাথার হাত ব্লিয়ে দের, কিজ্ঞাসা করে কেন্সন আছে। তথিন
শর্মিলা উত্তর দের, "তুমি মিথো ভেবোনা, আমি
ভালোই আছি।" সেটা বিঘাস্থ নয়, কিন্তু বিশাস করতে
একান্ত ইচ্ছা বলেই শশার অবিলয়ে বিশাস করে ছুটি পার।

শশাস্ক বললে, "ঢেক্কামলের রাজার একটা বড়ো কাজ আমার হাতে এসেচে। প্ল্যামটা নিয়ে দেওয়ানের সঙ্গে আসাশ করতে হবে। 'যতশীঘ্র পারি ফিরে আসব ডাক্তার আসবার আগেই।"

শর্মিলা অনুযোগ করে বললে, "আমার মাথার দিব্যি রইল তাড়াতাড়ি করে কাজ নষ্ট করতে পারবে না। ব্রতে পারচি ওদের দেশে তোমার যাবার দর্মকার আছে। নিশ্চর যেয়ো, না গেলে আমি ভালো থাকব না। আমাকে দেখবার লোক ঢের আছে।"

প্রকাণ্ড একটা ঐশ্বর্যা গড়ে তোলবার সয়য় দিনরাত জাগচে শশাকের মনে। তার আকর্ষণ ঐশ্বর্য্যে ময়, বড়োছে। বড়ো কিছুকে গড়ে ভোলাতেই পুরুষের দায়িছ। অর্থ জিনিষটাকে তুচ্ছ বলে অবজ্ঞা করা চলে তখনি, যখন তাতে দিনপাত হয় মাত্র। যখন তার চূড়াকে সমুচ্চ কয়ে তোলা যায় তখনি সর্বাধারণে তাকে শ্রুদ্ধা করে। উপকার পায় বলে নয়, তার বড়োছ দেখাটাতেই চিত্তক্ষ্ ইি। শশ্বিলার শিশ্বরে বলে শশাক্ষর মনে যখন উদ্বেগ চল্লে সেই মুহুর্ভেই সে না ভৈবে থাকতে পারে না তার কাজের স্থিতে অনিষ্টের আশকা ঘটচে কোন্থানে। শর্মিলা জানে শশাঙ্কের এই ভাবনা কপণের ভাবনা নয়, নিজের অবস্থার নিয়তল হতে জয়স্তম্ভ উর্দ্ধে গেঁথে তোলবার জন্মে পুরুষকারের ভাবনা। শশাঙ্কের এই গৌরবে শর্মিলা গৌরবান্বিত। তাই স্থামী যে ওর রোগের সেবা নিয়ে কাজে ঢিল দেবে এ তার পক্ষে স্থথের হলেও ভালোই লাগে না। ওকে বারবার ফিরে পাঠায় তার কাজে।

এদিকে নিজের কর্ত্তব্য নিয়ে শর্মিলার উৎকণ্ঠার সীমানেই। সেরইল বিছানায় পড়ে, ঠাকুরচাকররা কী কাগুকরেচে কে জানে। মনে সন্দেহ নেই যে রান্নায় ঘি দিচেচ খারাপ, নাবার ঘরে যথাসময়ে গরমজল দিতে ভুলেচে, বিছানার চাদর বদল করা হয় নি, নর্দ্দমাগুলোঁতে মেথরের ঝাঁটা নিয়মিত পড়চে না। ওদিকে ধোবারবাড়ির কাপড় ফর্দ্দ মিলিয়ে বুঝে না নিলে কীরকম উলটপালট হয় সে তেও জানা আছে। থাকতে পারে না, লুকিয়ে বিছানা ছেড়ে তদন্ত করতে যায়, বেদনা বেড়ে ওঠে, জর যায় চড়ে, ডাক্তার ভেবে পায় না, একী হোলো।

অবশেষে উর্ম্মিনালাকে তার দিদি ডেকে পাঠালে। বল্লে, "কিছুদিন তোর কলেজ থাক্, আমার সংসারটাকে রক্ষা কর্ বোন্। নইলে নিশ্চিন্ত হয়ে মরতে পার্রচিনে।"

এই ইতিহাসটা যাঁরা পড়চেন এই জায়গাটাতে এসে মুচকে

হেসে বল্বেন, ব্ঝেচি। বুঝতে অত্যস্ত বেশি বৃদ্ধির দরকার হয় না। যা ঘটবার তা-ই ঘটে, আর তা-ই যথেষ্ট। এমনে। মনে করবার হেতু নেই ভাগ্যের খেলা চলবে তালের কাগজ গোপন করে, শর্মিলারই চোখে ধূলো দিয়ে।

দিদির সেবা করতে চলেচি বলে উর্মির মনে খুব একটা উৎসাহ হোলো। এই কর্তব্যের খাতিরে অফ সমস্ত কাজকে সরিয়ে রাখ্তেই হবে। উপায় নেই। তা ছাড়া এই শুক্রাবার কাজটা ওর ভাবীকালের ডাক্তারী কাজেরই সংলগ্ন, এ তর্কও তার মনে এসেচে।

ঘটা করে একটা চামড়া-বাঁশানো নোটবই নিলে। তার
মধ্যে রোগের দৈনিক জোয়ার ভাঁটার পরিমাণটাকে রেখান্ধিত
করবার ছক কাটা আছে। ডাক্তার পাছে অনভিজ্ঞ বলে
অবজ্ঞা করে এই জন্মে স্থির করলে দিদির রোগসম্বন্ধে
যেখানে যা পাওয়া যায় পড়ে নেবে। ওর এম্, এস্ সি
পরীক্ষার বিষয় শারীরতত্ব, এই জন্মে রোগতত্ত্বের
পারিভাষিক বুঝতে ওর কপ্ত হবে না। অর্থাৎ দিদির
সেবার উপলক্ষ্যে ওর কর্ত্তব্যুদ্র যে ছিল্ল হবে না বরঞ্জন
আরো বেশি একান্তমনে কঠিনতর চেষ্টায় তারই অমুসরণ
করা হবে এ কথাটা মনে সে নিশ্চিত করে নিয়ে ওর
পড়বার বই আর খাতাপত্র ব্যাগে পুরে ভবানীপুরের
বাড়িতে এসে উপস্থিত হোলো। দিদির ব্যামোটা নিয়ে
রোগতত্ত্বসম্বন্ধে মোটা বইটা নাড়াচাড়া ক্ষবার মুযোগ ঘটল

মা। কেমনা বিশেষজ্ঞেরাও রোগের সংজ্ঞা নির্ণয় করতে পারলে না।

উর্দ্ধি ভাবলে, সে শাসনকর্তার কাজ পেয়েচে। ভাই সে গন্তীরমূথে দিনিকে বল্লে, "ভাক্তারের কথা যাতে খাটে ভাই দেখবার ভার আমার উপর, আমার কথা কিপ্ত মেনে চল্তে হবে আমি ভোমাকে বলে রাখচি।"

দিদি ওর দায়িকের আড়ম্বর দেখে হেসে বল্লে, "তাইতো, হঠাং এন্ড গন্তীর হতে শিখ্লি কোন্ গুরুর কাছে ! রন্ড্ন দীক্ষা বলেই এত বেশি উৎসাহ। আমারই কথা মেনে চলবি বলেই ভৌকে আমি ডেকেচি। ভোর হাঁসপাতার্স তো এখনো তৈরি হয়নি, আমার ঘরকরা তৈরি হয়েই আছে। আপাতত সেই ভারটা মে, ভোর দিদি একটু ছুটি পাক্।"

রোগশয্যার কাছ থেকে উর্ন্মিকে জোর করেই দিদি সরিয়ে দিলে।

আজ দিদির গৃহরাজ্যে প্রতিমিধিপদ ওর। সেখানে আরাজকভা ঘটচে, আশু তার প্রতিবিধান চাই। এ সংসারের সর্বোচ্চ শিখরে একটিমাত্র যে পুরুষ বিরাজ করচেন তাঁর সেবায় সামাস্ত কোনো ক্রটি না হয়, এই মহৎ উদ্দেশ্যে সম্পূর্ণ ত্যাগস্বীকার এই ঘরের ছোটোবড়ো সমস্ত অধিবাসীর একটিমাত্র সাধনার বিষয়। মানুষটি নিরতিশয় নিরুপায় এবং দেইবাত্রানির্বাহে শোচনীয়ভাবে অকর্মণ্য এই সংস্কার কোনোমতেই শর্মিলার মন থেকে ঘুচতে চায় না। হাসিও

পার অথচ মনটা স্নেহসিক্ত হয়ে ওঠে যখন দেখে চুরটের আগুনে ভদ্রলোকের আস্তিন খানিকটা পুড়েচে অথচ লক্ষ্যই নেই। ভোরবেলায় মুখ ধুয়ে শোবার ঘরের কোণের কলটা খুলে রেখে এঞ্জিনিয়ব কাজের তাড়ায় দৌড় দিয়েচে বাইরে ফিরে এসে দেখে মেজে জলে থৈ থৈ করচে, নষ্ট হয়ে গেল কার্পে টটা ৷ এই জায়গায় কলটা বসাবার সময়ে গোডাতেই আপত্তি করেছিল শর্মিলা। জানত এই পুরুষটির হাতে বিছানার অদূরে ঐ কোণাটাতে প্রতিদিন জলেস্থলে একটা পঙ্কিল অনাস্তি বাধবে। কিন্তু মন্ত এঞ্জিনিয়র, বৈজ্ঞানিক সুবিধার দোহাই দিয়ে যতরকম অসুবিধাকে জটিল করে তুলতেই ওর উৎসাহ। খামকা কী মাথায় এল একবার निर्जत मन्पूर्व ওরিজিনাল প্ল্যানে একটা ষ্টোভ বানিয়ে বসল। তার এদিকে দরজা, ওদিকে দরজা, এদিকে একটা চোঙ ওদিকে আরেকটা, একদিকে আগুনের অপব্যয়হীন উদ্দীপন. আর একদিকে ঢালু পথে ছাইয়ের নিঃশেষে অধঃপাজন— তারপরে সেঁকবাব ভাজবার সিদ্ধ করবার জল-গরমের নানা আকারের খোপথাপ গুহাগহ্বর কলকৌশল। কলটাকে উৎসাহের ভঙ্গীতে ও ভাষাতেই মেনে নিতে হয়েছিল. ব্যবহারের জন্মে নয়, শান্তি ও সন্তাবরক্ষার জন্মে। প্রাপ্ত-वश्र मिछा एत এই थिला। वाधा मिला अनर्थ वार्थ, अथह উদ্ভট একটা কিছু সৃষ্টি করে, আর স্ত্রীদের দায়িত হচেচ, মুখে

ওদের মতে সায় দেওয়া এবং কাজে নিজের মতে চলা। এই
স্বামীপালনের দায় এতদিন আনন্দে বহন করে এসেচে
স্বামিলা।

এতকাল তো কাটল। নিজেকে বিবৰ্জিত করে শশাল্কের জগৎকে শর্মিলা কল্পনাই করতে পারে না। আজ ভয় হচেচ মৃত্যুর দৃত এসে জগৎ আর জগদ্ধাত্রীর মধ্যে বিচ্ছেদ ঘটায় বুঝিবা। এমন কি ওর আশঙা যে মৃত্যুর পরেও শশাঙ্কের দৈহিক অষত্ব শর্মিলার বিদেহী আত্মাকে শান্তিহীন করে রাখবে। ভাগ্যে উর্দ্মি ছিল। সে ওর মতো শান্ত নয়। তবু ওর হয়ে কাজকর্ম চালিয়ে নিচ্চে। সে কাজও তো মেয়েদের হাতের কাজ। এ স্লিগ্ধ হাতের স্পর্শ না থাক্লে পুরুষদের প্রতিদিনের জীবনের প্রহোজনে রস থাকে না যে, সমস্তই যে কীরকম জীহীন হয়ে বায়। ভাই উদ্মি যখন তার স্থন্দর হাতে ছুরি নিয়ে আপেলের খোসা ছাজিয়ে কেটে কেটে রাখে, কমলালেবুর কোওয়া-গুলিকে গুছিয়ে রাখে সাদা পাথরের থালার একপাশে, বেদানা ভেঙে তার দানাগুলিকে যত্ন করে সাজিয়ে দেয় তখন শব্মিলা তার বোনের মধ্যে যেন নিজেকেই উপলব্ধি করে। বিছানায় ভয়ে ভয়ে তাকে সর্ব্বদাই কাজের ফরমাস করচে.--

ওর সিগারেট কেসটা ভরে দে না উদ্মি;
দেখচিস্নে ময়লা কুমালটা বদলাবার খেয়াল নেই;

ঐ দেখ, জুতোটা সিমেণ্টে বালিতে জমে নিরেট ছল্পে রয়েচে। বেহারাকে সাফ করতে হুকুম করবে ভার হুঁস নেই;

বালিশের ওয়াড়গুলো বদ্লে দে না ভাই;

ফেলে দে ঐ ছেঁড়া কাগজগুলো ঝুড়ির মধ্যে;

একবার আপিসঘরট। দেখে আসিস্ তো উর্দ্মি, আমি নিশ্চয় বলচি, ওঁর স্থাশবাস্থের চাবিটা ডেম্কের উপর ফেলে রেখে বেরিয়ে গেছেন;

ফুলকোপির চারাগুলি তুলে পোঁতবার সময় হোলো মনে থাকে যেন;

भानीत्क विनम् शानात्भत्र जानश्रामा (क्रांटे पिछ ;

ঐ দেখ কোটের পিঠেতে চুন লেগেচে;—এত তাড়া কিসের, একটু দাঁড়াও না—উর্মি, দে তো বোন, বুরুষ করে।

উর্দ্মি বই-পড়া মেয়ে, কাজ-করা মেয়ে নয়, তবু ভারি
মজা লাগচে। যে কড়া নিয়মের মধ্যে সে ছিল, তার থেকে
বেরিয়ে এসে কাজকর্ম সমস্তই ওর কাছে অনিয়মের মতোই
ঠেকচে। এই সংসারের কর্মধারার ভিতরে ভিতরে যে উদ্বেগ
আছে, সাধনা আছে, সে তো ওর মনে নেই; সেই চিস্তার
স্ত্রটি আছে ওর দিদির মধ্যে। তাই ওর কাছে এই কাজগুলো
খেলা, একরকম ছুটি, উদ্দেশ্য-বিবর্জিভ উল্লোগ। ও যেখানে
এতদিন ছিল, এ তার থেকে সম্পূর্ণ স্বতন্ত্র জগৎ, এখানে ওর

সম্ধ্ কোনো লক্ষ্য ভর্জনী তুলে নেই, অথচ দিনগুলো কাজ দিয়ে পূর্ণ, সে কাজ বিচিত্র। ভূল হয়, ক্রটি হয়, ভার জন্তে কঠিন জবাবদিহী নেই। যদি বা দিদি একটু তিরস্কার করতে চেষ্টা করে, শশাঙ্ক হেসে উড়িয়ে দেয়, যেন উশ্মির ভূলটাতেই বিশেষ একটা রস আছে। বক্তত আজকাল ওদের ঘরকরাতে দায়িছের গান্তীর্য্য চলে গেছে, ভূল চুকে কিছু আসে যায় না এমন একটা স্বীল্গা অবস্থা ঘটেচে; এইটেই শশাঙ্কের কাছে ভারি আরামের ও কৌতুকের। মনে হচে যেন পিক্নিক্ চল্চে। আর উর্মি যে কিছুতেই চিন্তিত নয়, ছংখিত নয়, লজ্জিত নয়, সব তাতেই উচ্ছ্বিত, এতে শশাঙ্কের নিজের মন থেকে তার গুরুভার কর্ম্মের পীড়নকে লঘু করে দেয়। কাজ শেষ হলেই, এমন কি, না হলেও বাড়িতে ফিরে আসবার জত্যে ওর মন উৎস্কুক হয়ে ওঠে।

এ কথা মানতেই হবে উর্দ্মি কাজে পটু নয়। তবু একটা জিনিষ লক্ষ্য করে দেখা গেল কাজ দিয়ে না হোক্, নিজেকে দিয়েই এ বাড়ির অনেকদিনের মস্ত একটা অভাব পূর্ব করেচে, সেই অভাবটা ঠিক যে কী তা নির্দ্দিষ্ট ভাষায় বলা যায় না। তাই শশাস্ক যখন বাড়িতে আসে তখন সেখানকার হাওয়ায় খেলানো একটা ছুটির হিল্লোল অনুভব করে। সেই ছুটি কেবল ঘরের সেবায় নয়, কেবল অণকাশমাত্রে নয়, তার একটা রসময় স্বরূপ আছে। বস্তুত উর্দ্মির নিজের ছুটির আনন্দ এখানকার সমস্ত শৃশ্বাকে পূর্ণ করেচে, দিন-

রাত্রিকে চঞ্চল করে রেখেচে। সেই নিরস্তর চাঞ্চল্য কর্ম্মনাস্ত শশাস্কের রক্তকে দোলায়িত করে তোলে। অপর পশ্দে শশাস্ক উর্দ্মিকে নিয়ে আনন্দিত, সেই প্রত্যক্ষ উপলব্ধিই উর্দ্মিকে আনন্দ দেয়। এতকাল সেই সুখটাই উর্দ্মি পায়নি। সে যে আপনার অন্তিত্মাত্র দিয়ে কাউকে খুসি করতে পারে এই তথ্যটি অনেকদিন তার কাছে চাপা পড়ে গিয়েছিল এতেই তার যথার্থ গৌরবহানি হয়েছিল।

শশাঙ্কের খাওয়াপরা অভ্যাসমতো চল্চে কি না, ঠিক-সময়ে ঠিক জিনিবের জোগান্ হোলো কি হোলো না, সেটা এ বাড়ির প্রভুর মনে গোঁণ হয়েচে আজ; অম্নিতেই অকারণেই আছে প্রসন্ন। শশ্মিলাকে সে বলে, "ভূমি খুঁটিনাটি নিয়ে অত ব্যস্ত হচ্চ কেন। অভ্যাসের একটু হেরফের হলে তো অসুবিধে হয় না, সে তো ভালোই লাগে।"

শশাহ্বর মনটা এখন জোয়ার ভাটার মাঝখানকার নদীর মতো। কাজের বেগটা থমথমে হয়ে এসেচে। একটু কোনে। দেরিভেই বা বাধাতেই মুক্তিল হবে লোকসান হবে এমনতরো উর্বেগের কথা সদাসর্বদা শোনা যায় না। সেরকম কিছু প্রকাশ হলে উর্দ্মি তার গান্তীর্যা ভেঙে দেয়, হেসে ওঠে,—মুখের ভাবখানা দেখে বলে,—"আজ ভোমার জুজু এসেছিল বৃঝি, সেই সবুজ পাগড়িপরা কোন্-দেশী দালাল—ভয় দেখিয়ে গেছে বৃঝি ?"

শশার বিশ্বিত হয়ে বলে, "তুমি তাকে জানলে কী করে ?" "আমি তাকে খুব চিনি। তুমি সেদিন বেরিরে গিয়েছিলে, ও একলা বারান্দায় বসে ছিল। আমিই তাকে নানা কথা বলে ভূলিয়ে রেখেছিলুম। তারি বাড়ি বিকানীয়রে, তার জ্বী মরেচে মশারীতে আগুন লেগে, আর একটা বিয়ের সন্ধানে আছে।"

"তাহলে এখন থেকে হিসেব করে সে রোজ আসবে বখন আমি বাড়ি থেকে বেরিয়ে যাবো। যতদিন স্ত্রীর ঠিকানা না মেলে ততদিন তার স্বপ্লটা জম্বে।"

"আমাকে বলে যেয়ো ওর কাছ থেকে কী কাজ আদার করতে হবে। ভাব দেখে বোধ হয় আমি পারব।"

আজকাল শশাকর মুনফার থাতায় নিরেনকইয়ের ওপারে যে মোটা অকপ্রলো চলৎ অবস্থায়, তারা মাঝে মাঝে বলি একটু সবুর করে সেটাতে ব্যস্ত হয়ে ওঠবার মতো চাঞ্চল্য দেখা যায় না। সন্ধ্যাবেলায় রেডিয়োর কাছে কান পাতবার কভে শশাক্ষ মজুমদারের উৎসাহ এতকাল অনভিব্যক্ত ছিল। আজকাল উর্দ্মি যখন তাকে টেনে আনে তখন ব্যাপারটাকে তুচ্ছ এবং সময়টাকে ব্যর্থ মনে হয় না। এরোপ্লেন ওড়া দেখবার জত্যে একদিন ভোরবেলা দমদম পর্যান্ত যেডে হোলো, বৈজ্ঞানিক কৌত্হল তার প্রধান আকর্ষণ নয়। নিউ মার্কেটে শপিং করতে এই তার প্রথম হাতে-খড়ি। এর আগে শশ্বিলা মাঝে মাঝে মাছ মাংস ফলমূল শাক্ষ

সব্জি কিন্তে সেখানে যেত। তা সানত এ কাজটা বিশেষভাবে তারই বিভাগের। এখানে শশাহ্ব যে তার সহযোগিতা করবে এমন কথা সে কখনো মনেও করেনি ইচ্ছেও করেনি। কিন্তু উর্মিতো কিনতে যায় না, কেবল জিনিষপত্র উল্টে পাল্টে দেখে বেড়ায়, ঘেঁটে বেড়ায়, দর করে। শশাহ্ব যদি কিনে দিতে চায় তার টাকার ব্যাগটা কেডে নিয়ে নিজের ব্যাগে হাজতে রাখে।

শশাস্কর কাজের দরদ উর্মি একটুও বোঝে না। কখনো কখনো অত্যন্ত বাধা দেওয়ায় শশাস্কর কাছে তিরস্কার পেয়েচে। তার ফল এমন শোকাবহ হয়েছিল যে তার শোচনীয়তা অপসারণ করবার জন্মে শশাস্ককে বিশুণ সময় দিতে হয়েচে। একদিকে উর্মির চোখে বাষ্পসঞ্চার অক্সদিকে অপরিহার্য্য কাজের তাড়া। তাই সকটে পড়ে অবশেষে বাড়ির বাইরে চেম্বারেই ওর সমস্ত কাজকর্ম সেরে আসতে চেষ্টা করে। কিন্তু অপরাত্ম পেরলেই সেখানে থাকা ছঃসহ হয়ে ওঠে। কোনো কারণে যেদিন বিশেষ দেরি করে সেদিন উর্মির অভিমান ছর্ভেজ মৌনের অন্তরালে ছরভিত্তর হয়ে ওঠে। এই রুদ্ধ অক্রতে কুহেলিকাছেয় অভিমানটা ভিতরে ভিতরে শশাস্ককে আনন্দ দেয়। ভালো মায়ুষ্টির মতো বলে, "উর্মি, কথা কইবে না এ সত্যাগ্রহ রক্ষা করাই উচিত কিন্তু দোক্ষাই ধর্মা, খেল্বে লা এমন পণ তো ছিল না।" ভারপরে টেনিস ব্যাট হাতে করে চলে আসে। খেলাম শশাঙ্ক জিতের কাছাকান্থি এসে ইচ্ছে করেই হারে। নষ্ট সময়ের জন্মে আবার পরের দিন সকালে উঠেই অমুভাপ করতে থাকে।

কোনো একটা ছুটির দিনে বিকেলবেলায় শশান্ত যখন ছানহাতে লাল নীল পেলিল নিয়ে বাঁ আঙুলগুলো দিয়ে অকারণে চুল উস্কো খুস্কো করতে করতে আপিসের ডেস্কেব্দে কোনো একটা ছঃসাধ্য কাজের উপর ঝুঁকে পড়েচে, উর্দ্মি এসে বলে, "তোমার সেই দালালের সঙ্গে ঠিক করেচি আজ আমাকে পরেশনাথের মন্দির দেখাতে নিয়ে যাবে। চলো আমার সঙ্গে। লক্ষ্মীটি!"

শশান্ধ মিনতি করে বলে, "না ভাই, আজ না, এখন আমার ওঠবার জো নেই।"

কাজের গুরুছে উস্মি একটুও ভয় পায় না। বলে, "অবলা রমণীকে অরক্ষিত অবস্থায় সবৃদ্ধ পাগড়িখারীর হাতে সমর্পণ করে দিতে সঙ্কোচ নেই এই বুঝি তোমার শিভস্রি!"

শেষকালে ওর টানাটানিতে শশান্ধ কাজ ফেলে যায়
মোটর হাঁকিয়ে। এই রকম উৎপাত চল্চে টের পেলে
শর্মিলা বিষম বিরক্ত হয়। কেননা ওর মতে পুরুষের
সাধনার ক্ষেত্রে মেয়েদের অনধিকার প্রবেশ কোনোমতেই
মার্ক্ষনীয় নয়। উর্দ্মিকে শর্মিলা বরারর ছেলেমানুষ বলেই
জেনেচে। আজো সেই ধারণাটা ওর মনে আছে। ডা হোক,
ভাই বলে আপিস ঘর তো ছেলেখেলার জায়গা নয়। ভাই

উর্ন্মিকে ডেকে যথেষ্ট কঠিনভাবেই তিরস্কার করে। সে তিরস্কারের নিশ্চিত ফল হতে পারত, কিন্তু স্ত্রীর জুদ্দ কণ্ঠস্বর শুনে শশাস্ক স্বয়ং দরজার বাইরে এসে দাঁড়িয়ে উর্ন্মিকে স্থামাস দিয়ে চোখ টিপতে থাকে। তাসের প্যাক দেখিয়ে ইসারা করে, ভাবখানা এই যে, "চলে এসো, আপিস বরে বসে তোমাকে পোকার্ খেলা শেখাব।" এখন খেলার সময় একেবারেই নয়, এবং খেলবার কথা মনে আনবারও সময় ও অভিপ্রায় ওর ছিল না। কিন্তু দিদির কঠোর ভর্ৎসনায় উর্ন্মির মনে বেদনা লাগ্চে এটা তাকে যেন উর্ন্মির চেয়েও বেশি বাজে। ও নিজেই তাকে অমুনয়, এমন কি, ঈষৎ তিরস্কার করে কাজের ক্ষেত্র থেকে সরিয়ে রাখতে পারত কিন্তু শিম্মলা যে এই নিয়ে উর্ন্মিকে শাসন করবে এইটে সহ্য করা ওর পক্ষে বড়ো কঠিন।

শর্মিলা শশাস্ককে ডেকে বলে, "তুমি ওর সব আবদার এমন করে শুনলে চলবে কেন ? সময় নেই, অসময় নেই ভোমার কাজের লোকসান হয় যে।"

শশান্ধ বলে, "আহা ছেলেমামূষ, এখানে ওর সঙ্গী নেই কেউ, একটু খেলাধুলো না পেলে বাঁচবে কেন ?"

এই তো গেল নানাপ্রকার ছেলেমামুষী। ওদিকে শশাস্ক যখন বাড়ি তৈরির প্ল্যান নিয়ে পড়ে, ও তার পাশে চৌকি টেনে নিয়ে এসে বলে, ব্ঝিয়ে দাও। সহজেই বোকে, গাণিতিক নিয়মগুলো জটিল ঠেকে না। শশাস্ক ভারি খুসি হয়ে উঠে ওকে প্রব্লেম দেয়, ও কষে নিয়ে আসে। ছুট্
কোম্পানীর প্রীমলঞ্চে শশাক্ষ কাজ তদন্ত করতে যায়, ও ধরে
বসে, আমিও যাব। শুধু যায় তা নয়, মাপজোখের হিসাব
নিয়ে তর্ক করে, শশাক্ষ পুলকিত হয়ে ওঠে। ভবপূর কবিন্ধের
চেয়ে এর রস বেশি। এখন তাই চেম্বারের কাজ যখন
বাড়িতে নিয়ে আসে তা নিয়ে ওর মনে আশকা থাকে না।
লাইন টানা আঁক কষার কাজে তার সঙ্গী জুটেচে। উর্শ্নিকে
পাশে নিয়ে বুঝিয়ে বুঝিয়ে কাজ এগোয়। খুব ফ্রন্ডবেশে
এগোয় না বটে, কিন্তু সময়ের দীর্ঘতাকে সার্থক মনে হয়।

এইখানটাতে শুর্শালাকে রীতিমতো ধাকা দেয়। উর্দ্ধির ছেলেমামুখীও সে বোঝে, তার গৃহিণীপনার ক্রটিও সম্প্রেহে সহ্য করে, কিন্তু ব্যবসায়ের ক্ষেত্রে স্বামীর সঙ্গে স্ত্রীবৃদ্ধির দূরত্বকে স্বয়ং অনিবার্য্য বলে মেনে নিয়েছিল সেখানে উর্দ্ধির অবাধে গতিবিধি ওর একটুও ভালো লাগে না। ওটা নিতান্তই স্পর্দ্ধা। আপন আপন সীমা মেনে চলাকেই গীতা বলেন স্থার্ম্ম।

মনে মনে অত্যস্ত অধীর হয়েই একদিন ওকে জিজাসা করলে, "আচ্ছা উর্ন্মি, তোর কি ঐ সব আঁকাজোখা আঁকক্ষা ট্রেস করা সত্যিই ভালো লাগে।"

"আমার ভারি ভালো লাগে দিদি।"

শর্মিলা অবিশ্বাসের সূরে বল্লে, "হাঁঃ, ভালো লাগে। ওকে শুসী করার জন্মেই দেখাস্ যেন ভালো লাগে।" না হয় তাই হোলো। খাওয়ানো পরানো সেবা **যড়ে** শশাস্ককে খুসি করাটা তো শর্মিলার মনঃপৃত। কিন্তু এই জাতের খুসিটা ওর নিজের খুসির জাতের সঙ্গে মেলে না।

শশান্ধকে বারবার ডেকে বলে, "ওকে নিয়ে সময় নষ্ট করো কেন? ওতে যে তোমার কাজের ক্ষতি হয়। ও ছেলেমামুষ, এ সব কী বুঝ্বে!"

শশাঙ্ক বলে, "আমার চেয়ে কম বোঝে না।"

মনে করে এই প্রশংসায় দিদিকে বৃঝি আনন্দ দেওয়াই হোলো। নির্কোধ!

নিজের কাজের গৌরবে শশাক্ষ যখন' আপন স্ত্রীর প্রতি
মনোযোগকে খাটো করেছিল, তখন শর্মিলা সেটা যে শুধ্
ত্মুগত্যা মেনে নিয়েছিল তা নয়, তাতে সে গর্বে বোধ করত।
তাই ইদানীং আপন সেবাপরায়ণ হৃদয়ের দাবী অনেক
পরিমাণেই কমিয়ে এনেচে। ও বল্ড, পুরুষমান্ত্র রাজার
জাত, হংসাধ্য কর্মের অধিকার ওদের নিয়তই প্রশস্ত করতে
হবে। নইলে তারা মেয়েদের চেয়েও নীচু হয়ে যায়।
কেননা মেয়েরা আপন স্বাভাবিক মাধ্র্য্যে ভালোবাসার
জন্মগত এখর্যেই সংসারে প্রতিদিন আপন আসনকে সহজেই
সার্থক করে। কিন্তু পুরুষের নিজেকে সার্থক করতে হয়
প্রত্যহ যুদ্ধের দ্বারা। সেকালে রাজারা বিনা প্রশ্নোজনেই
রাজ্যবিস্তার করতে বেরোতো। রাজ্যলোভের জন্মে নর,
নৃতন করে পৌরুবের গৌরব প্রমাণের জন্তে। এই গৌরবে

মেয়েরা যেন বাধা না দেয়। শব্দিলা বাধা দেয় নি, ইচ্ছা করেই শশাস্ককে তার লক্ষ্য সাধনায় সম্পূর্ণ পথ ছেড়ে দিয়েচে। এক সময়ে তাকে ওর সেবাজালে জড়িয়ে ফেলেছিল, মনে হঃখপেলেও সেই জালকে ক্রমশ থক্ব করে এনেচে। এখনো সেবা যথেষ্ট করে অদৃশ্যে নেপথ্যে।

হায়রে, আজ্ব ওর স্বামীর এ কী পরাভব দিনে দিনে প্রকাশ হয়ে পড়চে। রোগশযা থেকে সব ও দেখতে পায় না, কিন্তু যথেষ্ঠ আভাস পায়। শশাস্কের মুখ দেখলেই বুঝতে পারে সে যেন সর্ব্বদাই কেমন আবিষ্ট হয়ে আছে। ঐ এক-রন্তি মেয়েটা এসে অল্প এই কদিনেই এত বড়ো সাধনার আসন থেকে ঐ কর্ম-কঠিন পুরুষকে বিচলিত করে দিলে। আজ্বামীর এই অশ্রন্ধেয়তা শশ্মিলাকে রোগের বেদনার চেয়েও বেশি করে বাজচে।

শশাক্ষের আহারবিহার বেশবাসের চিরাচরিত ব্যবস্থায়
নানারকম ক্রটি হচ্চে সন্দেহ নেই। যে পথ্যটা তার বিশেষ
ক্ষচিকর, সেটাই খাবার সময় হটাৎ দেখা যায় অবর্ত্তমান।
তার কৈকিয়ৎ মেলে, কিন্তু কোনো কৈকিয়ৎকে এ সংসার
এন্তদিন আমল দেয়নি। এ সব অনবধানতা ছিল
অমার্ক্তনীয়, কঠোর শাসনের যোগ্য; সেই বিধিবদ্ধ সংসারে
আজ এত বড়ো যুগান্তর ঘটেচে যে গুরুতর ক্রটিগুলোও
প্রহসনের মতো হয়ে উঠল। দোষ দেব কাকে ? দিদির
নির্দেশমতো উর্দ্মি যখন রালাঘরে বেতের মোড়ার উপর

বসে পাকপ্রণালীর পরিচালনকার্য্যে নিযুক্ত, সঙ্গে সক্ষেপাচক ঠাকরুণের পূর্বেজীবনের বিবরণগুলির পর্য্যালোচনাও চলচে, এমন সময় শশাঙ্ক চটাং এসে বলে,—"ও সব এখন থাক।"

"रकन, की कतर इरव ?"

"আমার এ বেলা ছুটি আছে, চলো, ভিক্টোরিয়া মেমো-বিয়ালের বিলডিংটা দেখবে। ওটার গুমর দেখলে হাসি পায় কেন তোমাকে বৃঝিয়ে দেব।"

এত বড়ো প্রলোভনে কর্তব্যে ফাঁকি দিতে উর্দ্মির মনও তৎক্ষণাৎ চঞ্চল হয়ে উঠে। শর্মিলা জানে পাকশালা থেকে তার সহোদরার অন্তর্দ্ধানে আহার্য্যের উৎকর্ষ সাধনে কোনো ব্যত্যয় ঘটবে না, তবু সিগ্ধ হৃদয়ের যত্নটুকু শশাক্ষের আরামকে অলক্ষ্ত করে। কিন্তু আরামের কথা তুলে কী হবে, যখন প্রতিদিনই স্পষ্টই দেখা যাচেচ, আরামটা সামাস্থ হয়ে গেছে, স্বামী হয়েচে খুসি।

এইদিক থেকে শশ্মিলার মনে এল অশান্তি। রোগশযাার এপাশ ওপাশ ফিরতে ফিরতে নিজেকে বারবার করে বল্চে, "মরবার আগে ঐ কথাটুকু বুঝে গেলুম; আর সবই করেচি, কেবল খুসি করতে পারিনি। ভেবেছিলুম উর্শ্নিমালার মধ্যে নিজেকেই দেখতে পাব, কিন্তু ও তো আমি নয়, ও যে সম্পূর্ণ আর এক মেয়ে।" জানলার বাইরের দিকে তাকিয়ে তাকিয়ে ভাবে, "আমার জায়গা ও নয়য়ি, ওর জায়গা আমি নিজে

পারব না। আমি চলে গেলে ক্ষতি হবে কিন্তু ও চলে গেলে সব শৃশ্য হবে।"

ভাবতে ভাবতে হটাৎ মনে পড়ে গেল, শীতের দিন আসচে, গরম কাপড়গুলো রোদ্ধুরে দেওয়া চাই। উর্দ্মি তখন শশাস্কর সঙ্গে পিং পং খেলছিল, ডেকে পাঠালে।

বল্লে, "উর্মি, এই নে চাবি। গরম কাপড়গুলো ছাদের উপর রোদে মেলে দে গে।"

উর্দ্মি আলমারিতে চাবি সবেমাত্র লাগিয়েচে এমন সময় শশাক এসে বল্লে, "ও সব পরে হবে, ঢের সময় আছে। খেলাটা শেষ করে যাও।"

"किन्न मिनि—

"আচ্ছা, দিদির কাছে ছুটি নিয়ে আসচি।"

দিদি ছুটি দিলে, সেই সঙ্গে বড়ো একটা দীর্ঘনিশ্বাস

দাসীকে ডেকে বল্লে, "দে তো আমার মাথায় ঠাওা-জলের পটি।"

যদিও অনেকদিন পরে হটাৎ উর্দ্মে ছাড়া পেয়ে যেন আত্মবিশ্বত হয়ে গিয়েছিল, তকু সহসা এক একদিন মনে পড়ত ওর জীবনের কঠিন দায়িত। ২৮ তো স্বাধীন নয়, ও

যে বাঁধা ওর ব্রভের সঙ্গে। তারি সঙ্গে মিলিয়ে যে বাঁধন ওকে ব্যক্তি বিশেষের সঙ্গে বেঁধেচে তার অমুশাসন আছে ওর পরে। ওর দৈনিক কর্তব্যের খুঁটিনাটি সেই তো স্থির করে দিয়েচে। ওর জীবনের পরে তার চিরকালের অধিকার এ-কথা উর্দ্মি কোনোমতে অস্বীকার করতে পারে না। যখন নীরদ উপস্থিত ছিল স্বীকার করা সহজ ছিল, জোর পেড মনে। : এখন ওর ইচ্ছে একেবারেই বিমুখ হয়ে গেছে অথচ কর্ত্তব্যবৃদ্ধি তাড়া দিচে। কর্ত্তব্যবৃদ্ধির অত্যাচারেই মন আরো যাচে বিগড়িয়ে। নিজের অপরাধ ক্ষমা করা কঠিন হয়ে উঠল বলেই অপৱাধ প্রশ্রয় পেতে লাগল। আফিমের প্রলেপ দেবার জন্মে শশাঙ্কের সঙ্গে খেলায় আমোদে নিজেকে সর্বক্ষণ ভুলিয়ে রাখতে চেষ্টা করে। বলে, ষ্থন সময় আসবে তখন আপনি সব ঠিক হয়ে যাবে, এখন যে কয়দিন ছুটি ওসব কথা থাক। আবার হটাৎ এক একদিন মাথা ঝাঁকানি দিয়ে বই থাতা ট্রাঙ্কের থেকে বের ক'রে তার উপরে মাথা গুঁজে বসে। তথন শশাহ্বর পালা। বইগুলো টেনে নিয়ে পুনরায় বাক্সজাত করে সেই বাক্সর উপর সে চেপে বসে। উশ্মি বলে, "শশাঙ্কদা, ভারি অক্সায়। আমার সময় নষ্ট কোরো না।"

শশাক্ষ বলে, "ভোমার সময় নষ্ট করতে গেলে আমারে। সময় নষ্ট। অতএব শোধবোধ।"

ভারপরে থানিকক্ষণ কাড়াকাড়ির চেষ্টা করে অবশেষে

উর্মি হার মানে। সেটা যে ওর পক্ষে নিভাস্থ আপত্তিজ্বক তা মনে হয় না। এই বকম বাধা পেলেও কর্ত্তব্যবৃদ্ধির পীড়ন দিন পাঁচ ছয় একাদিক্রমে চলে, তারপরে আবার তার জোর কমে যায়। বলে, "শশাঙ্কদা, আমাকে হুর্বল মনে কোরো না। মনের মধ্যে প্রতিজ্ঞা দৃঢ় করেই রেখেচি।"

"अर्थार १"

"অর্থাৎ এখানে ডিগ্রি নিয়ে য়ুরোপে যাব ডাক্তারি শিখতে।"

"তারপরে ?"

"তারপরে হাঁসপাতাল প্রতিষ্ঠা করে তার ভার নেব।"

"আর কার ভার নেবে ? ঐ যে নীরদ মুথুজে বলে একটা ইনসাফারেব্ল্"—

শশক্ষের মুখ চাপা দিয়ে তার্ম্ম বলে "চুপ করে। এই সব কথা বলো যদি তোমার সঙ্গে একেবারে ঝগড়া হয়ে যাবে।"

নিজেকে উর্দ্মি খুব কঠিন করে বলে, সত্য হতে হবে আমাকে, সত্য হতে হবে। নীরদের সঙ্গে ওর যে সম্বন্ধ বাবা স্বয়ং স্থির করে দিয়েচেন তার প্রতি খাঁটি না হতে পারাকে ও অসতীত বলে মনে করে।

কিন্তু মুস্কিল এই যে, অপর পক্ষ থেকে কোনো জোর পায় না। উদ্মি যেন এমন একটি গাছ যা মাটিকে আঁকড়ে আছে কিন্তু আকাশের আলো থেকে বঞ্চিত, পাতাগুলো পাগুবর্ণ হয়ে আদে। এক এক সময় অসহিষ্ণু হয়ে ওঠে, মনে মনে ভাবে, এ মানুষটা চিঠির মতো চিঠি লিখতে পারে না কেন ?

উদ্মি অনেক কাল কনভেণ্টে পড়েচে। আর কিছু না হোক ইংরেজিতে ওর বিছে পাকা। সে কথা নীরদের জানা ছিল। সেই জন্মেই, ইংরেজি লিখে নীরদ ওকে অভিভূত করবে এই ছিল তার পণ। বাংলায় চিঠি লিখলে বিপদ বাঁচত কিন্তু নিজের সম্বন্ধে বেচারা জানে না যে সে ইংরেজি জানে না। ভারী ভারী শব্দ জুটিয়ে এনে, পুঁথিগত দীর্ঘপ্রস্থ বচন যোজনা করে ওর বাক্যগুলোকে করে তুলতো বস্তা বোঝাই গোরুর গাড়ির মতো। উদ্মির হাসি আস্ত, কিন্তু হাসতে সে লজ্জা পেত, নিজেকে তিরস্কার করে বল্ত বাঙালীর ইংরেজিতে ত্রুটি হলে তা নিয়ে দোষ ধরা স্ববিশ্।

দেশে থাক্তে মোকাবিলায় যখন নীরদ ক্ষণে ক্ষণে সত্পদেশ দিয়েচে তখন ওর রকম-সকমে সেগুলো গভীর হয়ে উঠেচে গৌরবে। যতটা কানে শোনা যেত তার চেয়ে আন্দাজে তার ওজন হত বেশি। কিন্তু লম্বা চিঠিতে আন্দাজের জায়গা থাকে না। কোমর-বাঁধা ভারী ভারী কথা হাল্কা হয়ে যায়, মোটা মোটা আওয়াজেই ধরা পড়ে বলবার বিষয়ের কম্তি।

নীরদের যে ভাবটা কাছে থাকতে ও সয়ে গিয়েছিল— সেইটে দূরের থেকে ওকে সব চেযে বাজে। লোকটা একেবারেই হাসতে জানে না। চিঠিতে সব চেয়ে প্রকাশ পায় সেই অভাবটা। এই নিয়ে শশাঙ্কের সঙ্গে তুলনা ওর মনে আপনিই এসে পড়ে।

তুলনার একটা উপলক্ষ্য এই সেদিন হটাৎ ঘটেচে।
কাপড় খুঁজতে গিয়ে বাব্ছের তলা থেকে বেরোলো পশমেবোনা এক-পাটি অসমাপ্ত জুতো। মনে পড়ে গেল চার বছর
আগেকার কথা। তখন হেমন্ত ছিল বেঁচে। ওরা সকলে
মিলে গিয়েছিল দার্জ্জিলিঙে। আমোদের অন্ত ছিল না।
হেমন্তে আর শশাক্ষে মিলে ঠাট্টাতামাসার পাগ্লা-ঝোরা বইয়ে
দিয়েছিল। উদ্মি তার এক মাসির কাছ থেকে পশমের কাজ
নতুন শিখেচে। জন্মদিনে দাদাকে দেবে বলে একজোড়া
জুতো বুনছিল। তা নিয়ে শশাক্ষ ওকে কেবলি ঠাট্টা করত,
বল্ত, "দাদাকে আর যাই দাও, জুতো নয়, ভগবান মন্ত্ বলেচেন ওতে গুরুজনের অসম্মান হয়।" উর্দ্মি কটাক্ষ করে
বলেছিল, "ভগবান মন্তু তবে কাকে প্রয়োগ করতে বলেন।"

শশাক গন্তীর মুখে বল্লে, "অসম্মানের সনাতন অধিকার ভগ্নীপতির। আমার পাওনা আছে। সেটা স্থদে ভারী হয়ে উঠল।"

"মনে তো পড়চে না।"

"পড়বার কথা নয়। তখন ছিলে নিতাপ্ত নাবালিকা। সেই কারণেই তোমার দিদির সঙ্গে শুভলগ্নে যেদিন এই কৌভাগ্যবানের বিবাহ হয়, সেদিন বাসর রজনীর কর্ণধারপদ গ্রহণ করতে পারো নি। আজ সেই কোমল করপল্লবের অরচিত কানমলাটাই রূপ গ্রহণ করচে সেই করপল্লবরচিত জুতোযুগলে। ওটার প্রতি আমার দাবী রইল জানিয়ে রেখে দিলুম।"

দাবী শোধ হয়নি, সে জুতো যথাসময়ে প্রণামীরূপে নিবেদিত হয়েছিল দাদার চরণে। তারপর কিছুকাল পরে শশাঙ্কর কাছ থেকে উর্দ্মি একখানি চিঠি পেল। পেয়ে খুব হেসেচে সে। সেই চিঠি আজও তার বাক্সে আছে। আজ খুলে সে আবার পড়লে:—

"কাল তো তুমি চলে গেলে। তোমার স্মৃতি পুরাতন হতে না হতে তোমার নামে একটা কলঙ্ক রটনা হয়েচে সেটা তোমার কাছে গোপন করা অকর্ত্তব্য মনে করি।

আমার পায়ে একজাড়া তালতলীয় চটি অনেকেই লক্ষ্য করেচে। কিন্তু তার চেয়ে লক্ষ্য করেচে তার ছিজভেদ করে আমার চরণনখরপংক্তি মেঘমুক্ত চন্দ্রমালার মতো। (ভারতচন্দ্রের অন্নদামক্ষল জপ্তব্য। উপমার যাথার্থ্য সম্বন্ধে সন্দেহ ঘটলে তোমার দিদির কাছে মীমাংসনীয়।) আজ সকালে আমার আপিসের বুন্দাবন নন্দী যখন আমার সপাত্তক চরণ স্পর্শ করে প্রণাম করলে তখন আমার পদমগ্যাদায় যে বিদীর্ণতা প্রকাশ পেয়েচে তারি অগোরব মনে আন্দোলিত হোলো। সেবককে জিজ্ঞাসা করলেম, "মহেশ, আমাব সেই অন্থ নৃত্ন চটি জোড়াটা গতিলাভ করেচে অন্থ কোন্ অনধিকারীর

শ্রীচরণে।" সে মাথা চুলকিয়ে বল্লে, "ও বাড়ির উর্ণিমাসিদের সঙ্গে আপনিও যখন দার্জিলিঙ যান সেই সময়ে চিটিজোড়াটাও গিয়েছিল। আপনি ফিরে এসেচেন সেই সঙ্গে ফিরে এসেচে তার এক পাটি, আর এক পাটি—" তার মুখলাল হয়ে উঠল। আমি এক ধমক দিয়ে বল্লুম, "বাস, চুপ।" সেখানে অন্থ অনেক লোক ছিল। চটিজুতো-হবণ হীনকার্যা। কিন্তু মানুষের মন হুর্বল, লোভ হুদ্দম, এমন কাজ করে ফেলে, ঈশ্বর বোধ করি ক্ষমা করেন। তবু অপহরণ কাজে বৃদ্ধির পরিচয় থাকলে হুক্কার্যার গ্লানি আনেকটা কাটে। কিন্তু একপাটি চটি !!! ধিক !!!

যে এ কাজ করেচে, যথাসাধ্য তার নাম আমি উহ্য রেখেচি। সে যদি তার স্থভাবসিদ্ধ মুখবতার সঙ্গে এই নিয়ে অনর্থক চেঁচামেচি করে তাহলে কথাটা ঘাঁটাঘাঁটি হয়ে যাবে। চটি নিয়ে চটাচটি সেইখানেই খাটে যেখানে মন খাঁটি। মহেশের মতো নিন্দুকের মুখবন্ধ এখনি করতে পাব একজোড়া শিল্পকার্য্যখচিত চটির সাহায্যে। যেমন তার আম্পর্জা। পায়ের মাপ এই সঙ্গে পাঠাচিচ।"

চিঠিখানা পেয়ে উর্মি স্মিতমুখে পশমের জুতো বুন্তে বসেছিল কিন্তু শেষ করেনি। পশমের কাজে আর তাব উৎসাহ ছিল না। আজ এটা আবিষ্কার করে স্থিব করলে এই অসমাপ্ত জুতোটাই দেবে শশান্ধকে সেই দার্জিলিং যাত্রার সাম্বংসরিক দিনে। সেদিন আর কয়েক সপ্তাহ পরেই আসচে। গভীর একটা দীর্ঘনি:শ্বাস পড়ল—হায়রে কোথায় সেই হাস্থোজ্জল আকাশে হাল্কাপাখায় উড়ে-যাওয়া দিনগুলি! এখন থেকে সামনে প্রসারিত নিরবকাশ কর্তুব্যক্ঠোর মরুজীবন।

আজ ২৬শে ফাল্পন। হোলিখেলার দিন। মফস্বলের কাজে এ খেলায় শশাল্কের সময় ছিল না, এদিনের কথা তারা ভূলেই গেছে। উর্দ্মি আজ তার শযাগত দিদির পায়ে আবিরের টিপ দিয়ে প্রণাম করেচে। তারপরে খুঁজতে খুঁজতে গিয়ে দেখলে শশাল্ক আপিস ঘরের ডেল্কে ঝুঁকে পড়ে একমনে কাজ করচে। পিছন থেকে গিয়ে দিলে তার মাথায় আবির মাথিয়ে, রাজিয়ে উঠল তার কাগজপত্র। মাতামাতির পালা পড়ে গেল। ডেক্কে ছিল দোয়াতে লাল কালী, শশাল্ক দিলে উর্দ্মির সাড়িতে ঢেলে। হাত চেপে ধরে তার আঁচল থেকে ফাগ কেড়ে নিয়ে উর্দ্মির মুখে দিলে ঘয়, তারপরে দৌড়াদৌড়ি ঠেলাঠেলি চেঁচামেচি। বেলা যায় চলে, সানাহারের সময় যায় পিছিয়ে, উর্দ্মির উচ্চহাসির স্বরোচ্ছাদে সমস্ত বাড়ি মুখরিত। শেষকালে শশাক্কের অস্বাস্থ্য আশক্কায় দুতের পরে দ্ত পাঠিয়ে শশ্মিলা এদের নির্দ্ধ করলে।

দিন গেছে। রাত্রি হয়েচে অনেক। পুষ্পিত কৃষ্ণচ্ড়ার শাখাজাল ছাড়িয়ে পূর্ণ চাঁদ উঠেচে অনাস্ত আকাশে। হটাৎ ফাল্কনের দম্কা হাওয়ায় ঝর্ঝর্ শব্দে দোলাছলি করে উঠেচে বাগানের সমস্ত গাছপালা, তলাকার ছায়ার জাল তার সঙ্গে যোগ দিয়েচে। জানলার কাছে উদ্মি চুপ করে বদে। ঘুম আসচে না কিছুতেই। বুকের মধ্যে রক্তের দোলা শাস্ত হয়নি। আমের বোলের গদ্ধে মন উঠেচে ভরে। আজ বসস্তে মাধ্বীলতার মজ্জায় মজ্জায় যে ফুল ফোটাবার বেদনা সেই বেদনা যেন উদ্মির সমস্ত দেহকে ভিতর থেকে উৎস্ক করেচে। পাশের নাবার ঘরে গিয়ে মাথা ধুয়ে নিলে, গা মুছলে ভিজে তোয়ালে দিয়ে। বিছানায় শুয়ে এ পাশ ও পাশ করতে করতে কিছুক্ষণ পরে স্বপ্নজড়িত ঘুমে আবিষ্ট হয়ে পড়ল।

রাত্রি তিনটের সময় ঘুম ভেঙেচে। চাঁদ তখন জানলার সামনে নেই। ঘরে অন্ধকার, বাইরে আলোয় ছায়ায় জড়িত স্থারি গাছের বীথিকা। উর্দ্মির বুক ফেটে কান্ধা এল, কিছুতে থাম্তে চায় না। উপুড় হয়ে পড়ে বালিশে মুখ গুঁজে কাঁদতে লাগল। প্রাণের এই কান্না, ভাষায় এর শব্দ নেই, অর্থ নেই। প্রশ্ন করলে ও কি বলতে পারে কোথা থেকে এই বেদনার জোয়ার উদ্বেলিত হয়ে ওঠে ওর দেহে মনে, ভাসিয়ে নিয়ে যায় দিনের কর্মতালিকা, রাত্রের স্থানিজা।

সকালে উর্ম্মি যখন ঘুম ভেঙে উঠল তখন ঘরের মধ্যে রৌজ এসে পড়েচে। সকাল বেলাকার কাজে কাঁক পড়ল, ক্লান্তির কথা মনে করে শর্মিলা ওকে ক্ষমা করেচে। কিসের অমুতাপে উর্দ্মি আজ অবসন্ধ। কেন মনে হচ্চে ওর হার হতে চলল। দিদিকে গিয়ে বল্লে, "দিদি, আমি তো তোমার কোনো কাজ করতেই পারিনে—বলো তো বাডি ফিরে যাই।"

আজ তো শশ্মিলা বল্তে পার্লে না, "না যাস নে।" বল্লে, "আচ্ছা যা তুই। তোর পড়াশুনোর ক্ষতি হচেচ। যখন মাঝে মাঝে সময় পাবি দেখে শুনে যাস্।"

শশাঙ্ক তথন কাজে বেরিয়ে গেছে। সেই অবকাশে সেই দিনই উর্মি বাভি চলে গেল।

শশান্ধ সেদিন যান্ত্রিক ছবি আঁকোর এক সেট সরঞ্জাম কিনে বাড়ি ফিরলে। উর্দ্মিকে দেবে, কথা ছিল তাকে এই বিজেটা শেখাবে। ফিরে এসে তাকে যথাস্থানে না দেখতে পেয়ে শর্ম্মিলার ঘরে এসে জিজ্ঞান্ত্রা করল, "উর্দ্মি গেল কোথায় ?"

শর্মিলা বল্লে, "এখানে তার পড়াশুনোর অস্থবিধে হচ্চে বলে সে বাড়ি চলে গেছে।"

"কিছুদিন অসুবিধে করবে বলে সে তো প্রস্তুত হয়েই এসেছিল। অসুবিধের কথা হটাৎ আজই মনে উঠল কেন ?"

কথার স্থার শুনে শর্মিলা ব্যলে শশান্ধ তাকেই সন্দেহ করচে। সে সম্বন্ধে কোনো র্থা তর্ক না করে বল্লে, "আমার নাম করে তুমি তাকে ডেকে নিয়ে এসো, নিশ্চয় কোনো আপত্তি করবে না।" উর্মি বাড়িতে ফিরে এসে দেখলে অনেকদিন পরে বিলেভ থেকে ওর নামে নীরদের চিঠি এসে অপেক্ষা করচে। ভয়ে খুলতেই পারছিল না। মনে জানে নিজের তরফে অপরাধ জমা হয়ে উঠেচে। নিয়মভঙ্গের কৈফিয়ৎ স্বরূপ এর আগে দিদির রোগের উল্লেখ করেছিল। কিছুদিন থেকে কৈফিয়ৎটা প্রায় এসেচে মিথ্যে হয়ে। শশাঙ্ক বিশেষ জেদ করে শর্মিলার জঞ্চে দিনে একজন রাত্রে একজন নার্স নিযুক্ত করে দিয়েচে। ডাক্তারের বিধানমতে রোগীর ঘরে সর্ব্বদা আত্মীয়দের আনাগোনা তারা রোধ করে। উর্মি মনে জানে নীরদ দিদির রোগের কৈফিয়ৎটাকেও গুরুতর মনে করবে না, বল্বে,—"ওটা কোনো কাজের কথা নয়।" বস্তুতই কাজের কথা নয়। আমাকে জ্বো দরকার হচ্চে না। অমুতপ্তাচিত্তে স্থির করলে এবারে দোয স্বীকার করে ক্ষমা চাইব। বলব জ্বার কখনো ক্রটি হবে না, কিছুতে নিয়ম ভঙ্গ করব না।

চিঠি খোলবার আগে অনেকদিন পরে আবার বের করলে সেই ফটোগ্রাফখানা। টেবিলের উপর রেখে দিলে। জানে ঐ ছবিটা দেখলে শশাস্ক খুব বিজ্ঞপ করবে। তবু উর্দ্মি কিছুতেই কৃষ্ঠিত হবে না তার বিজ্ঞপে; এই তার প্রায়শ্চিত্ত। নীরদের সঙ্গে ওর বিবাহ হবে এই প্রসঙ্গটা দিদিদের বাড়িতে ও চাপা দিত। অন্থেরাও তুলত না কেননা এ প্রসঙ্গটা ওখানকার সকলের অপ্রিয়। আজ হাত মুঠো করে উর্দ্মি স্থির করলে—ওর সকল ব্যবহারেই এই সংবাদটা জোরের

সঙ্গে ঘোষণা করবে। কিছুদিন থেকে পুকিয়ে রেখেছিল এন্গেজ্মেট আঙটি। সেটা বেব করে পরলে। আঙটিটা নিতান্তই কম দামের,—নীরদ আপন অনেস্ট্ গরিবিয়ানার গর্কের দারাই ঐ সন্তা আঙটির দাম হীরের চেয়ে বেশি বাড়িয়ে দিয়েছিল। ভাবখানা এই যে, "আঙটির দামেই আমার দাম নয়, আমার দামেই আঙটির দাম।"

নিজেকে যথাসাধ্য শোধন করে নিয়ে উর্দ্মি অতি ধীরে লেফাফাট। থুললে।

চিঠিখানা পড়ে হঠাৎ লাফিয়ে উঠল। ইচ্ছা করল নাচতে, কিন্তু নাচ ওর অভ্যেস নেই। সেতারটা ছিল বিছানার উপর, সেটা তুলে নিয়ে স্থর না বেঁধেই ঝনাঝন্ ঝন্কার দিয়ে যা-তা বাজাতে লাগল।

ঠিক এমন সময়ে শশাক্ষ ঘরে ঢুকে জিজ্ঞাসা করলে, "ব্যাপারখানা কাঁ ? বিয়ের দিন স্থির হয়ে গেল বৃঝি ?"

"হাঁ শশাঙ্কদা, স্থির হয়ে গেছে।"

"কিছুতেই নড়চড় হবে না ?"

"কিছুতেই না।"

"তাহলে এই বেলা সানাই বায়না দিই, আর ভীমনাগের সন্দেশ ?"

"তোমাকে কোনো চেষ্টা করতে হবে না।"

"নিজেই সব করবে ? ধন্য বীরাঙ্গনা। আর কনেকে আশীর্কাদ ?"

হবে।"

"সে আশীর্কাদের টাকাটা আমার নিজের পকেট থেকেই গেছে।"

"মাছের তেলেই মাছভাজা? ভালো বোঝা গেল না।" "এই নাও বুঝে দেখ।" বলে চিঠিখানা ওর হাতে দিলে।

পড়ে শশাঙ্ক হো হো করে হেসে উঠল।

লিখচে, যে-রিসার্চের ছ্রাহ কাজে নীরদ আত্মনিবেদন করতে চায়, ভারতবর্ষে তা সম্ভব নয়। সেই জন্মেই ওর জীবনে আর একটা মস্ত স্থাক্রিফাইস মেনে নিতে হোলো। উন্মির সক্ষে বিবাহের সম্বন্ধ বিচ্ছিন্ন না করলে উপায় নেই। একজন যুরোপীয় মহিলা ওকে বিবাহ করে ওর কাজে আত্মদান করতে সন্মত। কিন্তু কাজটা সেই একই, ভারতবর্ষেই করা হোক্ আর এখানেই। রাজারামবাবু যে কাজের জন্ম অর্থ দিতে চেয়েছিলেন, তার কিয়দংশ সেখানে নিযুক্ত করলে

শশাস্ক বল্লে, "জীবিত ব্যক্তিটাকে কিছু কিছু দিয়ে যদি সেই দ্রদেশেই দীর্ঘকাল জিইয়ে রাখতে পারো তো মন্দ হয় না। টাকা বন্ধ করলে পাছে ক্ষিদের জ্বালায় মরীয়া হয়ে এখানে দৌড়ে আসে এই ভয় আছে।"

অক্সায় হবে না। ভাতে মৃতব্যক্তির পরে সম্মান করাই

উর্মি হেদে বল্লে, "সে ভয় যদি ভোমার মনে থাকে, টাকা তুমিই দিয়ো, আমি এক পয়সাও দেব না।" শশাক বল্লে, "আবার তো মন বদল হবে না ? মানিনীর অভিমান তো অটল থাক্বে ?"

"বদল হলে তোমার তাতে কী **শশাহ্বদা** ?"

"প্রশ্নের সত্য উত্তর দিলে অহন্ধার বেড়ে যাবে, অতএব তোমার হিতের জফ্যে চুপ করে রইলুম। কিন্তু ভাবচি, লোকটার গণ্ডদেশ তো কম নয়, ইংরেজিতে যাকে বলে চীক্।"

উর্দ্মির মনের মধ্যে থেকে প্রকাণ্ড একটা ভার নেমে গেল
—বহুদিনের ভার। মুক্তির আনন্দে ও কী যে করবে তা
ভেবে পাচ্চে না। ওর সেই কাজের ফর্দিটা ছিঁড়ে ফেলে
দিলে। গলিতে ভিক্ষৃক দাঁড়িয়ে ভিক্ষা চাইছিল, জান্লা
থেকে আঙটিটা ছুঁড়ে ফেললে তার দিকে।

জিজ্ঞাসা কর্লে, "এই পেন্সিলের দাগ দেওয়া মোটা বইশুলো কি কোনো হকার্ কিনবে ?"

"নাই যদি কেনে, তার ফলাফলটা কী আগে শুনি।"

"যদি ওর মধ্যে সাবেককালের ভূতটা বাসা করে। মাঝে মাঝে অর্দ্ধেক রাত্রে তর্জনী তুলে আমার বিছানার কাছে এসে দাঁডায়।"

"সে আশঙ্কা যদি থাকে হকারের অপেক্ষা করব মা আমি নিজেই কিনব।" "কিনে কী করবে ?"

"হিন্দুশাস্ত্রমতে অস্ত্যেষ্টিসংকার। গয়া প্রয়স্ত যেতে রাজি, তাতে যদি তোমার মন সান্ত্রনা পায়।"

"না, অতটা বাড়াবাড়ি সইবে না।"

"আচ্ছা, আমার লাইত্রেরির কোণে পিরামিড বানিয়ে ওদের মামি করে রেখে দেব।"

"আজ কিন্তু তুমি কাজে বেরোতে পাবে না।"

"সমস্ত দিন ?"

"সমস্ত দিনই।"

"কী করতে হবে ?"

"মোটরে করে উধাও হয়ে যাব।"

"দিদির কাছে ছুটি নিয়ে এসে। গে।"

"না, ফিরে এসে দিদিকে বলব, তখন খুব বকুনি খান। সে বকুনি সইবে।"

"আচ্ছা, আমিও তোমার দিদির বকুনি হজম করতে রাজি, টায়ার যদি ফাটে ছঃখিত হব না, ঘণ্টায় পঁয়তাল্লিশ মাইল বেগে ছটো চারটে মানুষ চাপা দিয়ে একেবারে জেলখানা পর্যান্ত পোঁছতে আপত্তি নেই কিন্তু তিন সত্যি দাও যে মোটর রথযাত্রা সাঙ্গ করে আমাদেরি বাড়িতে তুমি ফিরে আসবে।"

"আসব, আসব, আসব।" মোটরযাত্রার শেষে ভবানীপুরের বাড়িতে হজনে এল, কিন্তু ঘণ্টায় পঁয়তাল্লিশ মাইলের বেগ রক্ত থেকে এখনো কিছুতেই থামতে চায় না। সংসারের সমস্ত দাবি সমস্ত ভয় লজ্জা এই বেগের কাছে বিলুপ্ত হয়ে গেল।

কয়দিন শশাস্কের সব কাজ গেল ঘুলিয়ে। মনের ভিতরে ভিতরে সে বুঝেচে যে, এটা ভালো হচ্চে না। কাজের ক্ষতি খুব গুরুতর হওয়াও অসম্ভব নয়। রাত্রে বিছানায় শুয়ে শুয়ে ছভাবনায় ছঃসম্ভাবনাকে বাজিয়ে বাজিয়ে দেখে। কিন্তু পরের দিনে আবার সে স্বাধিকারপ্রমন্ত, মেঘদুতের যক্ষের মতন। মদ একবার খেলে তার পরিতাপ ঢাকতে আবার খেতে হয়।

## 多一多一個

কিছুকাল এই রকম যায়। লাগল চোখে খোর, মন উঠল আবিল হয়ে।

নিজেকে স্থুস্পষ্ট বুঝতে উর্দ্মির সময় লেগেচে, কিন্তু একদিন হটাৎ চমকে উঠে বুঝলে।

মথুরদাদাকে উর্দ্মি কী জানি কেন ভয় করত, এড়িয়ে বেড়াত তাকে। সেদিন মথুর সকালে দিদির ঘরে এসে বেলা তুপুর পর্যান্ত কাটিয়ে গেল।

তারপরে দিদি উর্ন্মিকে ডেকে পাঠালে। মুখ তার

কঠোর অথচ শান্ত। বল্লে, "প্রতিদিন ওর কাজের ব্যাঘাত ঘটিয়ে কী কাণ্ড করেচিস্ জানিস্ তা ?"

উর্দ্ধি ভয় পেয়ে গেল। বল্লে, "কী হয়েচে দিদি ?"
দিদি বল্লে, "মথুরদাদা জানিয়ে গেল, কিছুদিন ধরে তোর
ভগ্নীপতি নিজে কাজ একেবারে দেখেননি। জহরলালের
উপরে ভার দিয়েছিলেন সে মালমসলায় হহাত চালিয়ে চুরি
করেচে, বড়ো বড়ো গুদাম-ঘরের ছাদ একেবারে ঝাঁজরা,
সেদিনকার বৃষ্টিতে ধরা পড়েচে, মাল যাচেচে নষ্ট হয়ে।
আমাদের কোম্পানির মস্ত নাম, তাই ওরা পরীক্ষা করেনি,
এখন মস্ত অখ্যাতি এবং লোকসানের দায় পড়েচে ঘাড়ে।
মথুরদাদা স্বতন্ত্ব হবেন।"

উর্মির বুক ধক্ করে উঠ্ল, মুখ হয়ে গেল পাঁশের মতো। এক মুহুর্ত্তে বিহ্যাতের আলোয় আপন মনের প্রচ্ছন্ন রহস্ত প্রকাশ পেলে। স্পষ্ট বুঝলে, কখন অজ্ঞাতসারে তার মনের ভিতরটা উঠেছিল মাতাল হয়ে,—ভালোমন্দ কিছুই বিচার করতে পারেনি। শশান্ধর কাজটাই যেন ছিল তার প্রতিযোগী, তারি সঙ্গে ওর আড়াআড়ি। কাজের থেকে ওকে ছাড়িয়ে নিয়ে সর্ব্বদা সম্পূর্ণ কাছে পাবার জন্তে উর্মিকেবল ভিতরে ভিতরে ছট্ফট করত। কতদিন এমন ঘটেচে, শশান্ধ যখন স্নানে, এমন সময় কাজের কথা নিয়ে লোক এসেচে; উর্মিকিছু না ভেবে বলে পাঠিয়েচে, "বল্গে এখন দেখা হবে না।"

ভয়, পাছে স্নান করে এসেই শশাদ্ধ আর অবকাশ না পায়, পাছে এমন করে কাজে জড়িয়ে পড়ে যে, উর্দ্মির দিনটা হয় ব্যর্থ। তার ত্রস্ত নেশার সাংঘাতিক ছবিটা সম্পূর্ণ চোখে জেগে উঠ্ল। তৎক্ষণাৎ দিদির পায়ের উপর আছাড় খেয়ে পড়্ল। বারবার করে রুদ্ধপ্রায় কঠে বল্তে লাগ্ল "তাড়িয়ে দাও তোমাদের ঘর থেকে আমাকে। এখনি দৃর করে তাড়িয়ে দাও।"

অ)জ দিদি নিশ্চিত স্থির করে বঙ্গেছিল কিছুতেই উর্শ্বিকে ক্ষমা কববে না। মন গেল গলে।

আন্তে আন্তে উর্দ্মিলার মাথায় হাত বুলিয়ে বল্লে,—
"কিছু ভাবিস্নে, যা হয় একটা উপায় হবে।"

উর্দ্মি উঠে বস্ল। বল্লে, "দিদি, তোমাদেরই বা কেন লোকসান হবে। আমারো তো টাকা আছে।"

শর্মিলা বল্লে, "পাগল হয়েচিস্ ? আমার বুঝি কিছু নেই। মথুরদাদাকে বলেচি, এই নিয়ে তিনি যেন কিছু গোল না করেন। লোকসান আমি প্রিয়ে দেব। আর তোকেও বল্চি আমি যে কিছু জান্তে পেরেচি এ কথা যেন তোর ভগ্নীপতি না টের পান্।"

"মাপ করো, দিদি, আমাকে মাপ করে।" এই বলে উর্দ্ধি আবার দিদির পায়ের উপর পড়ে মাথা ঠুক্তে লাগ্ল।

শর্মিলা চোখের জল মুছে ক্লান্ত স্থারে বল্লে, "কে কাকে

মাপ করবে বোন্? সংসারটা বড়ো জটিল। যা মনে করি, তা হয়না, যার জন্মে প্রাণপণ করি তা যায় ফেঁসে।"

দিদিকে ছেড়ে উর্ম্মি এক মুহূর্ত্ত নড়তে চায় না। ওযুধ-পত্র দেওয়া, নাওয়ানো, খাওয়ানো, শোওয়ানো সমস্ত খুটিনাটি নিজের হাতে। আবার বই পড়তে আরম্ভ করেচে, সেও দিদির বিছানার পাশে বসে। নিজেকেও আর বিশ্বাস করে না, শশাহ্ষকেও না।

ফল হোলো এই যে, শশাস্ক বারবার আসে রোগীর ঘরে।
পুরুষমামুষের অন্ধতাবশতই বুঝতে পারে না ছটফটানির
তাৎপর্য্য স্ত্রীর কাছে পড়চে ধরা, লজ্জায় মরচে উর্মি। শশাস্ক
আসে মোহনবাগান ফুট্বল ম্যাচের প্রলোভন নিয়ে, ব্যর্থ
হয়। পেন্সিলের দাগ দেওয়া খ্রুরের কাগজ মেলে দেখায়
বিজ্ঞাপনে চার্লি চ্যাপলিনের নাম। ফল হয় না কিছুই।
উর্মি যখন ত্র্লভ ছিল না তখনও বাধার ভিতর দিয়ে
শশাস্ক কাজকর্ম চালাতে চেষ্টা করত। এখন অসম্ভব হয়ে

হতভাগার এই নিরর্থক নিপীড়নে প্রথম প্রথম শর্মিল।
বড়ো তঃথেও স্থুখ পেত। কিন্তু ক্রমে দেখলে ওর যন্ত্রণা
উঠচে প্রবল হয়ে, মুখ গেছে শুকিয়ে, চোখের নীচে পড়চে
কালী। উর্মি খাওয়ার সময় কাছে বসে না, সেজগু শশাঙ্কর
খাওয়ার উৎসাহ এবং পরিমাণ কমে যাচ্চে তা ওকে দেখলেই
বোঝা যায়। সম্প্রতি হটাৎ এ বাডিতে আনন্দের যে বান

ভেকে এসেছিল সেটা গেছে সম্পূর্ণ ভাটিয়ে, অথচ পূর্ব্বে ওদের যে-একটা সহজ দিনযাত্রা ছিল সেও রইল না।

একদা শশাস্ক নিজের চেহারার চর্চায় উদাসীন ছিল।
নাপিতকে দিয়ে চুল ছাটতে। প্রায় স্থাড়া করে। আঁচড়াবার
প্রয়োজন ঠেকেছিল শিকির শিকিতে। শর্মিলা তাই নিয়ে
অনেকবাব প্রবল বাগবিতণ্ডা করে হাল ছেড়ে দিয়েচে। কিন্তু
ইদানীং উর্মিন উচ্চহাস্তসংযুক্ত সংক্ষিপ্ত আপত্তি নিক্ষল হয়
নি। নৃতন সংস্কবণেব কেশোদগমেব সঙ্গে স্থান্ধি তৈলের
সংযোগ-সাধন শশাস্কব মাথায় এই প্রথম ঘটলা। কিন্তু
তারপর সাজকাল কেশোন্নতিবিধানের অনাদরেই ধরা পড়চে
সম্ভর্বদনা। এতটা বেশি যে, এ নিয়ে প্রকাশ্য বা অপ্রকাশ্য
তীব্র হাসি আব চলে না। শর্মিলাব উৎকণ্ঠা তার ক্ষোভকে
ছাড়িয়ে গেল। স্বামীব প্রতি করুণায় ও নিজের প্রতি
ধিক্কারে তাব বুকেব মধ্যে টন্টন্ করে উঠচে, রোগের

ময়দানে হবে কেল্লাব ফৌজদের যুদ্ধের খেলা। শশাস্ক ভয়ে ভয়ে জিজ্ঞাসা করতে এলো, "যাবে উর্ণ্মি, দেখতে। ভালো জায়গা ঠিক করে রেখেচি।"

উর্দি কোনো উত্তর দেবার পূর্বেই শর্মিলা বলে উচ্ল, "য'বে বই কি। নিশ্চয় যাবে। একট বাইরে ঘুরে আসবার জন্মে ও যে ছট্ফট্ করচে।"

প্রশ্রম পেয়ে তুদিন না যেতেই জিজ্ঞাসা করলে, "সার্কাস ?"

এ প্রস্তাবে উশ্মিলার উৎসাহই দেখা গেল। তারপরে, "বোটানিকাল গার্ডেন ?"

এইটেতে একটু বাধল। দিদিকে ফেলে বেশিক্ষণ দূরে থাকতে উর্মির মন সায় দিচেচ না।

দিদি স্বয়ং পক্ষ নিল শশাষ্কর। রাজ্যের রাজ্যজ্রদের সঙ্গে দিনে তুপুরে ঘুরে ঘুরে খেটে খেটে মানুষটা যে হয়রান হোলো,—সারাদিন কেবল কাটচে খ্লোবালির মধ্যে। হাওয়া না খেয়ে এলে শরীর যে পড়বে ভেঙে।

এই একই যুক্তি অনুসারে ষ্টীমারে করে রাজগঞ্জ পর্য্যস্ত ঘুরে আসা অসঙ্গত হোলো না।

শব্দিল। মনে মনে বলে, যার জন্মে কাজ খোয়াতে ওর ভাবনা নেই তাকে সুদ্ধ খোয়ানো ওর সইবে না।

শশাস্ককে স্পষ্ট করে কেউ কিছু বলে নি বটে কিন্তু চারিদিক থেকেই সে একটা অব্যক্ত সমর্থন পাচেচ। শশাস্থ এক রকম ঠিক করে নিয়েচে, শশ্মিলার মনে বিশেষ কোনো ব্যথা নেই, ওদের ছ্-জনকে একত্র মিলিয়ে খুসি দেখেই সে খুসি। সাধারণ মেয়ের পক্ষে এটা সম্ভব হতে পারত না কিন্তু শশ্মিলা যে অসাধারণ। শশাঙ্কর চাকরির আমলে একজন আর্টিষ্ট রঙীন পেন্সিল দিয়ে শশ্মিলার একটা ছবি এঁকেছিল। এতদিন সেটা ছিল পোটফোলিয়োর মধ্যে। সেইটেকে বের করে বিলিভী দোকানে খুব দামী ফ্যাসানে

वाँ थिए निर्मेश वाश्विम घरत रियान वरम ठिक छात मभूर पित्रारम कृति क्षित्र ताथरम। मामरान कृत्रमानीर द्वां भागी कृत पिरम याम।

অবশেষে একদিন শশান্ত বাগানে সূর্য্যমুখী কী রকম
ফুটেচে দেখাতে দেখাতে হঠাং উশ্মির হাত চেপে ধরে বল্লে,
"হুমি নিশ্চয় জানো, তোমাকে আমি ভালোবাসি। আর
ভোমার দিদি, তিনি তো দেবী। তাঁকে যত ভক্তি করি
জীবনে আর কাউকে তেমন করি নে। তিনি পৃথিবীর মানুষ
নন, তিনি আমাদের অনেক উপরে।"

এ কথা দিদি বারবার করে উর্মিকে স্পষ্ট বৃঝিয়ে দিয়েচে, যে, তার অবর্ত্তমানে সব চেয়ে যেটা সান্ধনার বিষয় সে উর্মিকে নিয়েই। এ সংসারে অস্তু কোনো মেয়ের আবির্ভাব কল্পনা করতেও দিদিকে বাজত, অথচ শশান্ধকে যত্ন করবার জন্মে কোনো মেয়েই থাকবে না এমন লক্ষ্মীছাড়া অবস্থাও দিদি মনে মনে সইতে পারত না। ব্যবসার কথাও দিদি ওকে বৃঝিয়েচে, বলেচে, যদি ভালোবাসায় বাধা পায় তাহলে সেই ধাকায় ওর কাজকর্ম্ম সব যাবে নই হয়ে। ওর মন যখন তৃপ্ত হবে তথনি আবার কাজকর্ম্মে আপনি আসবে শৃঞ্জা।

শশাঙ্কের মন উঠেচে মেতে। ও এমন একটা চক্রলোকে আছে যেখানে সংসারের সব দায়িও সুখতব্রায় লীন। আক্তকাল রবিবার-পালনে বিশুদ্ধ খুষ্টানের মতোই ওর

শশ্বলিত নিষ্ঠা। একদিন শর্ম্মিলাকে গিয়ে বল্লে, "দেখ, পাটের সাহেবদের কাছে তাদের ষ্টীম্লঞ্পাওয়া গেছে,— মাজ রবিবার, মনে করচি ভোরে উর্ম্মিকে নিয়ে ডায়মণ্ড্- হার্কারের কাছে যাব, সন্ধার মাগেই আসব ফিরে।"

শর্মিলার বৃকের শিরাগুলো কে যেন দিলে মুচড়ে, বেদনায় কপালের চামড়া উঠ্ল কুঞ্চিত হয়ে। শশাঙ্কের চোথেই পড়ল না। শর্মিলা কেবল একবার জিজ্ঞাসা করলে, "খাওয়াদাওয়ার কী হবে?" শশাঙ্ক বল্লে, "হোটেলের সঙ্গে ঠিক করে রেখেচি।"

একদিন এই সমস্ত ঠিক করবার ভার যথন ছিল শশ্মিলার উপর, তথন শশাহ ছেল উদাসীন। আজ সমস্ত উল্টপালট হয়ে গেল।

যেমনি শর্মিলা বল্লে, "আচ্ছা, তা যেয়ো" অম্নি মুহূর্ত অপেকা না করে শশাক্ষ বেরিয়ে গেল ছুটে। শর্মিলার ডাক ছেড়ে কাঁদতে ইচ্ছা কবল। বালিশের মধ্যে মুখ গুঁজে বারবার করে বলতে লাগল, "আর কেন আছি বেঁচে।"

কাল রবিবারে ছিল ওদের বিবাহের সাম্বংসরিক।
আজ পর্যান্ত এ অনুষ্ঠানে কোনোদিন ছেদ পড়েনি।
এবারেও স্বামীকে না বলে, বিছানায় শুয়ে শুয়ে সমস্ত
আয়োজন করছিল। আর কিছুই নয়, বিয়েব দিন শশাক
যে লাল বেনারসির জোড় পরেছিল সেইটে ওকে পরাবে,
নিজে পরবে বিয়ের চেলি. স্বামীব গলায় মালা পরিয়ে ওকে

খাওয়াবে সামনে বসিয়ে, জ্বালাবে ধুপবাতি, পাশের ঘরে গ্রামোফোনে বাজবে সানাই। অস্থান্ত বছর শশাঙ্ক ওকে আগে থাকতে না জানিয়ে একটা কিছু সখের জিনিষ কিনে দিত। শর্মিলা ভেবেছিল এবাবেও নিশ্চয় দেবে, কাল পাব জানতে।

আজ ও আর কিছুই সহা করতে পারচে না। ঘরে যখন কেউ নেই তখন কেবলি বলে বলে উঠ্চে, "মিথ্যে, মিথ্যে, মিথাে, কী হবে এই খেলায়।"

রাত্রে ঘুম হোলো না। ভোরবেলা শুন্তে পেলে মোটর-গাড়ি দরজার কাছ থেকে চলে গেল। শশ্মিলা ফুঁপিয়ে উঠে কেঁদে বল্লে, "ঠাকুর, তুমি মিথো।"

এখন থেকে রোগ জ্রুত বেড়ে চল্ল। তুর্লক্ষণ যেদিন অত্যন্ত প্রবল হয়ে উঠেচে সেদিন শব্দিলা ডেকে পাঠালে স্বামীকে। সন্ধ্যেবেলা, ক্ষীণ আলো ঘরে, নার্স কৈ সস্তেত করলে, চলে যেতে। স্বামীকে পাশে বসিয়ে হাতে ধরে বল্লে, "জীবনে আমি যে-বর পেয়েছিলুম ভগবানের কাছে, সে তুমি। তাব যোগ্য শক্তি আমাকে দেন নি। সাধ্যে যা ছিল করেচি। ক্রুটি অনেক হয়েচে, মাপ করো আমাকে।"

শশাক কী বলতে যাচ্ছিল, বাধা দিয়ে বল্লে,—"না, কিছু বোলো না। উশ্মিকে দিয়ে গেলুম ভোমার হাতে। সে আমাকেই পাবে,

আরো অনেক বেশি পাবে যা আমার মধ্যে পাওনি। না, চুপ করো, কিছু বোলো না। মরবার কালেই আমার সৌভাগ্য পূর্ণ হোলো তোমাকে সুখী করতে পারলুম।"

নাস বাইরে থেকে বল্লে, "ডাজ্ঞারবাবু এসেচেন।" শিমিলা বল্লে, "ডেকে দাও।" কথাটা বন্ধ হয়ে গেল।

শব্মিলার মামা যত রকম অশান্ত্রীয় চিকিৎসার সন্ধানে উৎসাহী। সম্প্রতি এক সন্ন্যাসীর সেবায় তিনি নিযুক্ত। যখন ডাক্তাররা বল্লে আর কিছু করবার নেই তখন তিনি ধরে পড়লেন, হিমালয়ের ফেরৎ বাবাজির ওষুধ পরীক্ষা করতে হবে। কোন্ তিব্বতী শিকড়ের গুঁড়ো, আর প্রচুর পরিমাণে হুধ এই হচ্চে উপকরণ।

শশাঙ্ক কোনোরকম হাতুড়েদের সহ্য করতে পারত না সে আপত্তি করলে। শশ্মিলা বল্লে, "আর কোনো ফল হবে না, অন্তত মামা সান্ত্রা পাৰেন।"

(पथरा प्रभार कल हाला। निःश्वास्त्र कहे करमरह, রক্ত ওঠা গেল বন্ধ হয়ে।

সাত দিন যায়, পনেরো দিন যায়, শিমিলা উঠে বসল। ডাক্তার বল্লে, মৃত্যুর ধাকাতেই অনেক সময শরীর মরীয়া হয়ে উঠে শেষ-ঠেলায় আপনাকে আপনি বাঁচিয়ে তোলে।

मिंग्निन। (वंट्रह छेठेन।

তথন সে ভাবতে লাগল, "এ কী আপদ, কী করি। শেষ-কালে বেঁচে ওঠাই কি মরার বাড়া হয়ে দাঁড়াবে।" ওদিকে উদ্মি জিনিষপত্র গোছাচেচ। এখানে তার পালা শেষ হোলো।

দিদি এসে বল্লে, "তুই যেতে পারবি নে।"

"সে কী কথা ?"

"হিন্দুসমাজে বোন সতীনের ঘব কি কোনো মেয়ে কোনোদিন করে নি ?"

"ছিঃ!"

"লোকনিন্দা। বিধির বিধানের চেয়ে বড়ো হবে লোকের মুখের কথা।"

শশান্ধকে ডাকিয়ে বল্লে, "চলো আমরা যাই নেপালে। সেখানে রাজ-দরবারে তোমার কাজ পাবার কথা হয়েছিল— চেষ্টা করলেই পাবে। সে দেশে কোনো কথা উঠবে না।"

শন্মিলা কাউকে দ্বিধ। করবার অবকাশ দিল না। যাবার আয়োজন চলচে। উন্মি তবু বিমধ হয়ে কোণে কোণে লুকিয়ে বেড়ায়।

শশাস্ক তাকে বল্লে, "আজ যদি তুমি আমাকে ছেড়ে যাও তাহলে কী দশা হবে ভেবে দেখো।"

উর্দ্মি বল্লে, "আমি কিছু ভাবতে পারি নে। তোমরা ছ-জনে যা ঠিক করবে তাই হবে।"

গুছিয়ে নিতে কিছুদিন লাগল। তারপর সময় যখন

কাছে এসেচে, উশ্মি বল্লে, "আর দিন সাতেক অপেক্ষা করো, কাকাবাবুর সঙ্গে কাজের কথা শেষ করে আসি গে।" চলে গেল উশ্মি।

এই সময়ে মথুর এলো শব্দিলার কাছে মুখ ভার করে। বল্লে, "তোমরা চলে যাচচ ঠিক সময়েই। তোমার সঙ্গে কথাবার্ত্তা স্থিন হয়ে যাবার পরেই আমি আপোষে শশাস্কের জন্মে কাজ বিভাগ করে দিয়েছিলেম। আমার সঙ্গে ওর লাভ-লোকসানের দায় জড়িয়ে রাখিনি। সম্প্রতি কাজ গুটিয়ে নেবার উপলক্ষ্যে শশাক্ষ ক-দিন ধরে হিসাব বুঝে নিচ্ছিল। দেশ গেল ভোমার টাকা সম্পূর্ণ ডুবেচে। তা ছাপিয়েও যা দেনা জমেচে তাতে বোধ হয় বাড়ি বিক্রিকরতে হবে।"

শশ্মিল। জিজ্ঞাসা করলে, "সর্বনাশ এতদূর এগিযে চলেছিল। উনি জানতে পারেন নি!"

মথুর বললে, "সর্ক্রাশ জিনিষ্টা অনেক সময় বাজ-পড়াব মতো, যে মুহুর্ত্তে মারে তার আগে প্রয়ন্ত সম্পূর্ণ জানান্দেয় না। ও বুঝেছিল ওর লোকসান হয়েচে। তথনো অল্লেই সামলে নেওয়া যেত। কিন্তু হুর্ক্বৃদ্ধি ঘটল; ব্যবসার গলদ তাড়াতাড়ি শুধরে নেবে মনে করে আমাকে লুকিয়ে পাথুরে কয়লার হাটে তেজিমন্দী খেলা সুরু করলে। চড়ার বাজারে যা কিনেচে সন্তার বাজারে তাই বেচে দিতে হোলো। হটাৎ আজ দেখলে হাউয়ের মতো ওর সব গেছে উড়ে পুড়ে, বাকি রইল ছাই। এখন ভগবানের কুপায় নেপালে কাজ পেলে তোমাদের ভাবতে হবে না।"

শর্মিলা দৈক্তকে ভয় করে না। বরঞ্চ ও জ্বানে অভাবের **बित्न स्वाभीत मः मारत ७त स्वान आरता त्वर**् याता। দারিদ্যের কঠোরতাকে যথাসম্ভব মৃত্ব করে এনে দিন চালাতে পারবে এ বিশ্বাস ওর আছে। বিশেষত গয়না যা হাতে রইল তা নিয়ে এখনো কিছুকাল বিশেষ ত্বঃখ পেতে হবে না। এ কথাটাও সসঙ্কোচে মনে উকি মেরেচে যে, উর্ন্মির সঙ্গে বিয়ে হোলে তার সম্পত্তিও তো স্বামীরই হবে। কিন্তু শুধু জীবনযাত্রাই তো যথেষ্ট নয়। এতদিন ধরে নিজের শক্তিতে নিজের হাতে স্বামী যে-সম্পদ সৃষ্টি করে তুলেছিল, যার খাতিরে আপন হৃদয়ের অনেক প্রবল দাবীকেও শশ্বিলা ইচ্ছে করে দিনে দিনে ঠেকিয়ে রেখেচে, সেই ওদের উভশ্বের দিমলিত জীবনের মূর্ত্তিমান লাশা আজ মরীচিকার মতো র্মিলিয়ে গেল এরই অগৌরব ওকে মাটির সঙ্গে মিশিয়ে দিলে। মনে মনে বলতে লাগল তথনি যদি মর্তুম তাহলে তো এই ধিকারটা বাঁচত আমার। আমার ভাগ্যে যা ছিল, তা তো হোলো, কিন্তু দৈন্ত অপমানের এই নিদারুণ শৃন্ততা একদিন কি পরিতাপ আনবে না ওঁর মনে ? যার মোহে অভিভূত হয়ে এটা ঘটতে পারল একদিন হয়তো তাকে মাপ করতে পারবেন না, তার নেওয়া অন্ন ওঁর মুখে বিষ ঠেকবে। নিজের মাৎলামির ফল দেখে লজ্জা পাবেন কিন্তু দোষ দেবেন

মদিরাকে। যদি অধশেষে উর্শ্বির সম্পত্তির উপর নির্ভর করা অবশ্য হয়ে ওঠে তাহলে সেই আত্মাবমাননার কোভে উর্শ্বিকে মুহূর্তে মুহূর্তে জালিয়ে মারবেন।

এদিকে মথুরের সঙ্গে সমস্ত হিসেবপত্র শোধ করতে গিয়ে শশাস্ক হঠাৎ জানতে পেরেচে যে শর্মিলার সমস্ত টাকা ডুবেচে তার ব্যবসায়ে। এ কথা শর্মিলা এতদিন তাকে জানায়নি, মিটমাট করে নিয়েছিল মথুরের সঙ্গে।

শশাঙ্কের মনে পড়ল, চাকরির অস্তে সে একদিন শশ্বিলার টাকা ধার নিয়েই গড়ে তুলেছিল তার ব্যবসা। আজ নষ্ট ব্যবসার অস্তে সেই শশ্বিলারই ঋণ মাথায় করে চলেচে সে চাকরিতে। এ ঋণ তো আর নামাতে পার্বে না। চাকরির মাইনে দিয়ে কোনোকালে শোধ হবার রাস্তা কই ?

আর দিন দশেক বাকি আছে নেপাল যাত্রার। সমস্ত রাত ঘুমতে পারে নি। ভোর বেলায় শশাঙ্ক ধড়্ফড়্করে বিছানা থেকে উঠেই আয়নার টেবিলের উপর হটাৎ সবলে মুষ্টিঘাত করে বলে উঠ্ল,—"যাব না নেপালে।" দৃঢ় পণ করলে, "আমরা ছ-জনে উশ্মিকে নিয়ে কলকাতাতেই থাকব— ক্রক্টিকুটিল সমাজের ক্রুর দৃষ্টির সামনেই। আর এইখানেই ভাঙা ব্যবসাকে আর একবার গড়ে তুল্ব এই কলকাতাতেই বসে।"

যে-যে জিনিষ সঙ্গে যাবে, যা রেখে যেতে হবে, শর্মিলা

বদে বদে তারি ফর্দ্দ করছিল একটা খাতায়। ডাক শুন্তে পেলে "শর্মালা, শর্মালা।" তাড়াতাড়ি খাতা ফেলে ছুটে গেল স্বামীর ঘরে। অকস্মাৎ অনিষ্টের আশক্ষা করে কম্পিত হৃদয়ে জিজ্ঞাস। করলে, "কী হয়েচে ?"

বিল্লে, "যাব না নেপালে। গ্রাহ্য করব না সমাজকে। থাকব এইখানেই।"

শব্দিল। জিজ্ঞাসা করলে, "কেন, কী হয়েচে?" শশাস্থ বললে, "কাজ আছে।"

সেই পুরাতন কথা। কাজ আছে। শর্মিলার বুক ছক্ত তুরু করে উঠল। 'শর্মি, ভেবোনা আমি কাপুরুষ। দায়িত্ব

্ ফেলে প'লাব আমি, এত অধঃপতন কল্পনা করতেও পারো ?"

শব্দিলা কাছে গিয়ে ওর হাত ধরে বল্লে, "কী হয়েচে আমাকে বুঝিয়ে বলো।" শশাঙ্ক বল্লে, "আবার ঋণ করেচি তোমার কাছে, সে কথা ঢাকা দিয়ো না।"

শব্দিলা বল্লে, "আচ্ছা বেশ।"

শশাস্ক বল্লে, "সেইদিনকার মতোই আজ থেকে আবার ঋণ শোধ কর্তে বসলুম। যা ডুবিয়েচি আবার তাকে টেনে তুলবই এই রইল কথা, শুনে রাখো। একদিন যেমন তুমি আমাকে বিশ্বাস কৰেছিলে তেমনি আবার আমাকে বিশ্বাস কৰে।"

শর্মিলা স্বামীর বুকের উপর মাথা রেখে বললে. "তুমিও আমাকে বিশ্বাস কোরো। কাজ বুঝিয়ে দিয়ো আমাকে, তৈরি করে নিয়ো আমাকে, ভোমার কাঞ্চের যোগ্য যাতে হতে পারি সেই শিক্ষা আজ থেকে আমাকে দাও।"

বাইরে থেকে আওয়াজ এল "চিঠি"।

উর্ম্মির হাতের অক্ষরে তু-খানা চিঠি। একখানি শশাক্ষের নামেঃ—

"আমি এখন বোদ্বাইয়ের রাস্তায়। চলেচি বিলেতে। বাবার আদেশমতো ডাক্তারি শিখে আসব। ছয় সাত বছর লাগবার কথা। তোমাদের সংসারে এসে যা ভাঙচুর করে গেলুম ইতিমধ্যে কালের হাতে আপনিই তা জোড়া লাগবে। আমার জম্মে ভেবো না, তোমার জন্মই ভাবনা রইল মনে।"

শর্মিলার চিঠি---

"দিদি, শত সহস্র প্রণাম তোমার পায়ে। অজ্ঞানে অপরাধ করেচি, মাপ কোরো। যদি সেটা অপরাধ না হয়, তবে তাই জেনেই স্থী হব। তার চেয়ে স্থী হবার আশা রাখব না মনে। কিসে স্থ তাই বা নিশ্চিত কী জানি। আর স্থ যদি না হয় তো নাই হোলো। ভূল করতে ভয় করি।"